ADISURA AND BALLALA SENA.

AN HISTORICAL INVESTIGATION

ON


THE AMBASTHA KINGS OF BENGAL.

ВY

PARVATISANKAR ROY CHOWDHURI.

আদিশূর ও বল্লালসেন

অম্বষ্ঠজাতীয় নুপতিদিগের ঐতিহাদিক বিবরণ।



গুপুপ্রেশ: २৪, মীব্জাফর্শ লেন, ও ২২১, কর্ণওয়ালিশ খ্রীট, ক্লিকাতা। শ্ৰীমতিলাল দাস কর্ত্ব গুপ্তপ্রেশে মুদ্রিত ও প্রকাশিত।

বিজ্ঞাপন।

গত ১৮৬৫ খৃষ্টাব্দের এসিয়াটিক জারনেলে ১ম অংশের ৩য় খণ্ডে ডাক্রার রাজেক্র লাল মিত্র বাহাছর 'বঙ্গীয় সেনরাজা'' শিরোনামে একটা প্রবন্ধ মুদ্রিত করেন। তাহাতে সেনবংশীয়েরা ক্ষত্রির ছিলেন প্রতিপন্ন করিয়াছেন। এই মতের কতকগুলি বিরোধী প্রমাণ বিদ্যামান আছে, আমি তৎসমুদয় সংগ্রহ করিয়া সেন রাজাদিগের ইতিহাস, সহিত এই ক্ষুদ্র প্রবন্ধ প্রকাশ করিলাম। যে তত্ব ইতিহাস সীমার অভীত, তাহার আবিষ্করণ অতিশয় দ্রুহ ব্যাপার। আমার এই প্রবন্ধে হয়ত কোন কোন বিষয়ে প্রমাদ লক্ষিত হইতে পারে, সহ্লয় পাঠকবর্গ তৎসমুদয় প্রদর্শন করিলে উপকৃত হইব। অপিচ পাঠকবর্গর কৌতুহল নিবারণ জন্য এই পৃস্তকের পরিশিষ্টে ছ্স্রাপাত তাম্রশাসনাদির অবিকল অমুলিপি প্রদান করিলাম। পাঠকবর্গ এই পৃস্তক খানি আল্যোপাস্ত পাঠ করিলেই পরিশ্রম সফল বিবেচনা করিব।

পরিশেবে ক্তজ্ঞতার সহিত প্রকাশ করিতেছি যে প্রীযুক্ত অভয়ানন্দ কবিরত্ন মহাশার অফুগ্রহ করিয়া হরিবংশ এবং ভাগবত হইতে প্রমাণ সংগ্রহ করিয়া দিয়াছেন। এবং এই পুস্তকমুদ্রান্ধণ সময়ে যাহারা আমাকে বিশেষ সাহায্য করিয়াছেন, তাহাদিগকে সক্কতজ্ঞচিত্তে ধন্যবাদ প্রদান করিতেছি।

ষাটীখর, বৈশাথ ১২৮৪।

শ্রীশক্ষর রায়চৌধুরী।

ভ্ৰম সংশোধন।

পূঠা	পত্তি	ō	স শুদ্ধ	শুক
¢	20		মত	মেত্ত
9	>@	•	আদৌ	আদি পুরুষ
ล	í	•	হ ওয়ায়	হওয়াতে
22		>	অমুজ	পুত্ৰ
>8	¢		আষাঢ়	বৈশাখ ও জৈছি
Ē,	کے	7	সেন-রাজা	লাশ্বণেয়
૨ .೨	\$	>	তাম সাশন	তাত শাসন
२ .१	24	,	চিত্ৰে	চিত্তে
৩৭	į	5	রাজসাহী	রাজসাহীর
৩৯	2.	ь	ত্রাহ্মাণানাং	<u> বাক্ষণানাং</u>
80	:	· C	সংক রণ	অত এব
80		æ	অষ ষ্ঠা	ত্মস্বষ্ঠ-
৩৫	পরিশিষ্ট :	? o	Metcalf	Metcalfe
P.	্র	÷>	উইলসন্	গোল্ডষ্টুকার
৩৯	B	>>	শ্রণাথে	শর্নাথে
ঐ	ঐ	>9	৫ম বালমের	২্য ভলমের



আদিশুর ও বল্লাল সেন।

প্রথম অধ্যায়।

ইতিহাস পুরাতত্ত্বাকুসন্ধানের প্রধান সাধন, ইতিহাস ভিন্ন অতীত কালের কোন সত্যই নিঃসন্দেহরূপে নিরূপিত হয় না। ইতিহাসের এতাদৃশ প্রয়োজন সত্ত্বেও ভারতবর্ষের এক খানিও প্রকৃত ইতিবৃত্ত বিদামান নাই। প্রাচীন আর্য্যগণ সাহিত্য, গণিত, দর্শন, শিল্প প্রভৃতি শাস্ত্রানুশীলন করিয়া পার-দর্শিতা লাভ করিয়াছিলেন। কিন্তু তুরপনেয় অদৃষ্ট-দোষে ই হাদিগের বহুল পরিমাণে ঐতিহাদিক গ্রন্থ প্রণয়নে অভি-রুচি হয় নাই। রামায়ণে ইক্ষাকু-বংশীয় কতিপয় নৃপতির এবং মহাভারতে কুরু পাণ্ডবদিগের বিবরণ স্থবিস্তাররূপে বর্ণিত আছে, পোরাণিক গ্রন্থে ভারতীয় নৃপতিগণের বংশ-পরস্পরার নামোল্লেখ এবং তাঁহাদিগের প্রাহুর্ভাব কালের আমুদঙ্গিক ঘটনাগুলি বিবৃত আছে, এবং রাজতরঙ্গিণী প্রভৃতি তুই এক খানি গ্রন্থে দেশ বিশেষের বিবরণ লিখিত আছে, কিন্তু সমগ্র ভারতবর্ধের সূত্রবদ্ধ ও ধারাবাহিক ইতির্ক্ত কোন ্রান্থেই লিপিবদ্ধ নাই, এবং বিপ্লবের পর বিপ্লবে ভারতের ইতিহাস-স্থানীয় অনেক বিষয় বিনফ হইয়া গিয়াছে। অতএব পূর্ব্বতন সময়ের কোন বিষয় অনুসন্ধানে প্রব্রক্ত হইলে বহুল আয়াদ ও আহরণ-ক্লেশ সহ্য করিতে হয়। প্রকৃত ইতিহাস অভাবে কবি-কল্পিত কাব্য শাস্ত্র, লোক পরস্পরাগত কিম্বদন্তী, কুলজিগ্রন্থ, তামশাদন ও প্রস্তব-খোদিত বর্ণনাদির আত্রয়

গ্রহণ ভিম্ন উপায়ান্তর নাই। যদিও এই সকল উপকরণোপরি সম্পূর্ণরূপে আস্থা স্থাপন করিতে পারা যায় না, এবং কাব্য শাস্ত্র ও জন-প্রবাদ প্রভৃতি দ্বারা ঘটনা বিশেষ কাল ক্রমে বিকৃত অথবা অতিরঞ্জিত হইয়া যায়, তথাপি নিরপেক্ষ অমুস্রিরুত্বপণ গবেষণা-বলে শাখা পল্লব ছেদন করিয়া ক্ষন্ধ অনাস্থত করিতে পারেন। ফলতঃ হিন্দুদিগের গ্রন্থাদি অম্পষ্ট, অথবা অতিরঞ্জিত দৌষে দূষিত হইলেও স্থুল বিষয়গুলি অনেক স্থলে ঘথাযথ বর্ণিত থাকে। আজ কাল ভারতের সোভাগ্য বলে অনেকেই এবন্ধিধ পুরাতত্বামুসানে মনোনিবেশ করিয়াছেন; ঈদৃশী গবেষণায় এবং ঈদৃশী চেক্টায় ভারতের ঐতিহাসিক ক্ষেত্র ক্রমেই পরিষ্কৃত হইতেছে।

আদিশূর ও বল্লাল দেন যে যে সময়ে গৌড় দেশের সিংহাসনাধিরাহণ করেন তত্তৎকালের কোন ইতিহাস বিদ্যমান নাই। ঘটক-কারিকায় এবং কুলজিগ্রন্থে এতত্ত্ব-ভয়ের প্রাত্তভাব সময়ের কতিপয় প্রধান ঘটনা বর্ণিত আছে। বঙ্গ দেশে চিরাগত কিম্বদন্তীতে কতিপয় ঘটনা রক্ষিত হইয়াছে, এবং বঙ্গবাসিদিগের সমাজ-বন্ধনেও ইহাদিগের কার্য্য কারিতার কতিপয় জাজ্জ্বল্যমান নিদর্শন বর্ত্তমান রহিয়াছে। এই সমস্তগুলিকেও ইতিহাসস্থানীয় গণ্য করিতে হইবে। উপরোক্ত কুলজিগ্রন্থাদি হইতে কতিপয় প্রধান ঘটনার উল্লেখ করা, এবং আদিশূর ও বল্লাল কোন জাতীয় ছিলেন বিনির্ণয় করা এই প্রস্তাবের উদ্দেশ্য।

অম্বর্চ-কুলোদ্ভূত নৃপতি আদিশূর বঙ্গে বৌদ্দিগকে পরাজয় করিয়া স্বীয় সাআজ্য স্থাপন করিয়াছিলেন। বঙ্গবিজয়ের কতি-

পয় বংসরান্তে রাজ্যে অনার্ষ্টি ও প্রাসাদোপরি গৃধুপাত প্রভৃতি দৈবোৎপাত ভাবী অমঙ্গলের চিহ্ন প্রকটিত করিলে, মহারাজ আদিশূর দৈবকার্য্যদার৷ তন্নিবারণে কৃত-সক্ষম হইলেন, এবং পুরস্থ ব্রাহ্মণগণকে আহ্বান করিয়া কহিলেন, ''আপনারা বেদ-বিধি অনুসারে যজের দ্রব্যাদি আহরণ করিয়া রাজ্যের অমঙ্গল নিরাকরণের উদ্যোগ করুন"। বৌদ্ধ-বিপ্লবে বঙ্গীয় ব্রাহ্মণগণের মধ্যে বৈদিক ক্রিয়া লোপ হইয়াছিল, .স্থতরাং কেহই রাজার ঈম্পিত কার্য্যে ব্রতী হইতে পারিলেন না। আদিশূর অন-ন্যোপায় হইয়া বেদজ্ঞ ও সাগ্রিক পঞ্চ ব্রাহ্মণ আনয়নার্থ কাণুকুজাধীশ্বর বীরসিংহের নিকট দূত প্রেরণ করিলেন*। কাণুকুজাগত পঞ্চ ব্রাহ্মণ বর্ম্ম, চর্মা ও ধনুর্ব্বাণ প্রভৃতি সামরিক সজ্জায় স্থসজ্জিত হইয়া অশ্বারোহণে রাজদ্বারে উপস্থিত হইলে দৌবারিকগণ আদিশূর সমীপে ঈদৃশ্ অসামান্য বীর-বেশধারী ব্রাহ্মণগণের আগমন বার্ত্তা নিবেদন করিল। রাজা ব্রাহ্মণ-গণের যুদ্ধবেশ এবং পাচুকা-সংশ্লিষ্ট-পদে তাম্বূল চর্ব্বণ প্রভৃতি ব্ৰাহ্মণবিৰুদ্ধ আচরণ সম্বাদে হৃতপ্ৰদ্ধ হইয়া কাণুকুজাগত পঞ

^{*} আদিশ্র কাণুকুজেরশ্বর বীরসিংহ সমীপে নিম্ন লিখিত কতিপয় শ্লোক লিখিয়া লিপি প্রেশ্বন করেন :—

স্কৃত স্কৃত সংঘাঃ সর্বশাস্তার্থ দক্ষা,
লপিতহতবিপক্ষাঃ সন্তিবাক্যাঃ শ্রুতিজ্ঞাঃ।
স্থাজিতস্থাতরন্দে গোড়রাজ্যে মদীরে,
দিজকুলবরজাতাঃ সাম্কুল্পাঃ প্রায়ন্ত ।
নুপতি স্কৃতিসারঃ স্থীয়বংশাবতারঃ,
প্রবলবলবিচারো বীরসিংহোহতিবীরঃ।
মরিবর সথি তাস্তে ভূমিদেবান্ সশ্ভান্,
পুনরপি মৃদ্যান্তি প্রাপ যতুঃ নিতান্তঃ॥

ব্রাক্ষণের সমাদরে অগ্রসর হইলেন না। ব্রাক্ষণগণ নূপতির সদৃশ অসোজন্যে বিরক্ত হইয়া প্রত্যাবর্ত্তনে কৃত-নিশ্চয় হইলেন। কিন্তু তপোবল ও আত্ম-মহিমা প্রকাশার্থ শুক্ষ মল্লকাষ্ঠোপরি আশার্কাদ স্থাপন মাত্রে বিগত-জীবন শুক্ষ কর্ম হইতে তৎক্ষণাৎ অঙ্কুর নির্গত হইল। * এই অলোকিক ঘটনা দৌবারিকগণ কর্ত্তক রাজসমীপে নিবেদিত হইলে আদিশ্র স্বীয় অবিম্ব্যকারিতা অবধারণ করতঃ স্বয়ং অগ্রসর হইয়া ব্রাক্ষণদিগকে স্তুতিবাদে সম্ভোষিত করিলেন, এবং তাহা-দিগকে রাজভবনে আনয়ন করিয়া ঈপ্সিত কার্যান্তে বহুল

^{*} বিক্রমপুরান্তর্গত মেঘনা নদীর পূর্ব্ব উপকৃলে রামপাল নামক স্থানে প্রায় হুই মাইল দীর্ঘ এক প্রকাণ্ড সরোবরের থাত বিদ্যমান আছে। স্বোবরের নাম রামপাল দীঘি এবং এই নদী হইতে উক্ত স্থানের নাম রামপাল হইয়াছে। সরোবরের অনতিদ্রে পরিথাবেষ্টিত কতিপয় পুরাতন অট্রালিকার ভগ্নাবশেষ দেখিতে পাওয়া যায়, তন্নিকটবর্ত্তী গ্রাম সকলের অধি-বাসিগ্রণ এই ভগ্ন অট্টালিকা বল্লালের রাজ-প্রাসাদ বলিয়া পরিচয় দেয়। থার স্থানে স্থানে নষ্ট হইয়া গিয়াছে, কিন্তু বেষ্টিভ ভূমি থণ্ডের বিস্তৃতি এবং বাহাবিষৰ দুৰ্টে স্পষ্ট প্ৰতীত হয় যে এই স্থান এক অতি প্ৰবল পরাক্রান্ত এবং ধনশালী রাজার রাজধানী ছিল। ভগ্ন প্রাসাদের পুরদ্বারে একটী প্রাচীন গ্রন্ধাড়ী বৃক্ষ বিদামান আছে। সকলেই এই গ্রন্ধাড়ী বৃক্ষটীকে আদি-শুরানীত পঞ্চ ত্রাহ্মণ প্রদন্ত আশীর্কাদে জীবিত মল্লকাষ্ঠ বলিয়া নিদর্শন করে। এই একটা মাত্র বৃক্ষ ভিন্ন রামপালের চতুস্পার্শ্বে আর কুত্রাপি গজাড়ী বুক্ষ নাই। চতুম্পার্শ্বের অজ্ঞ ব্যক্তিরা এই বৃক্ষকে দেবতাম্বরূপ সম্মান করে, এবং অপুত্রবতী রমণীরা দন্তান লাভার্থ বৃক্ষমূলে পূজা মানসা করে। এই স্থানে ইষ্টক নির্মিত একটা কৃপ আছে, সাধারণের সংস্কার এই বল্লাল ইহাতে অগ্নি প্রজ্ঞনিত করিয়া প্রাণত্যাগ করিয়াছিলেন। রামপালের চতুষ্পার্শ্বেস্তর নির্শ্বিত অনেকগুলি মৃত্তি মৃত্তিকার নিম হইতে উত্তোলিত হইয়া ঢাকা নগরীতে রক্ষিত আছে। এবং ইহার চতুষ্পার্থে ৪।৫ মাইল লইয়া মূর্ত্তিকার নিমে স্থানে স্থানে পুরাতন ইষ্টক প্রাপ্ত হওয়া যায়। এই স্থানের বিবরণ রামণালের বিৰরণ নামক পুস্তকে দ্রষ্টব্য।

পরিমাণে ধনরত্ব প্রদান পূর্বক বিদায় করিয়া দিলেন। কাণ্-কুজাগত পঞ্চপ্রাক্ষণের সহিত যে পঞ্চ ভূত্য আগমন করিয়া-ছিলেন, তাহারাও তাহাদিগের সহিত স্বদেশে গমন করিলেন।*

বঙ্গদেশ হইতে পঞ্চ ব্রাহ্মণ স্বদেশে প্রত্যাগত হইলে তাঁহারা বঙ্গাদিদেশে তার্থ যাত্রা বিনা গমন করাতে এবং অযাজ্য যাজন হেতু সমাজে বৰ্জ্জিত হইয়াছিলেন। জ্ঞাতি-গণ তাঁহাদিগের পুনঃ সংস্কারের নিমিত্ত বারম্বার অসু-রোধ করিতে লাগিলেন। তাঁহারা ঐ প্রকার সমাজে অপ-মানিত হইয়া পুনঃ সমাজে গৃহীত হুইবার আশায় কিয়ৎকাল অতিবাহিত করিয়াছিলেন। কিন্তু জ্ঞাতিগণ কর্ত্তক অপমানিত হইয়া স্বদেশে বাস করা অপেক্ষা দেশ পরিত্যাগ শ্রেয়ঃ, এই বিবেচনায় শ্রীহর্ষ, ভট্ট নারায়ণ প্রভৃতি পঞ্চ ব্রাহ্মণ এবং তাঁহা-দিগের সহিত মকরন্দ ঘোষ প্রভৃতি পঞ্চ ভৃত্য কাণুকুজ পরিত্যাগ করিয়া গৌরদেশে গমন করিলেন। এই প্রকারে ব্রাহ্মণগণ পুনরাগত হইলে আদিশূর তাঁহাদিগের প্রত্যেককে যথোচিত সৎকার করিয়া রাচ্দেশে এক একখানি গ্রাম প্রদান পূর্বক বাসস্থান নির্দেশ করিয়া দিলেন। ব্রাহ্মণেরা সপ্তশতী সমাজ হইতে দার পরিগ্রহ করিয়া আদিশূর দত্ত ভূসম্পত্তির

^{*} কাহার মতে আদিশ্ব কর্ত্বক পঞ্চ ব্রাহ্মণের আনমনের কারণ স্বতন্ত্ব প্রকার
নির্ণীত আছে। ক্ষিতীশ বংশাবলী চরিত মত রাজপ্রাসাদোপরি গুধুপাতক্রীপ অনিষ্ট শাস্তি মানসে শাকুন যজ্ঞ করণার্থ কাণ্কুজ হইতে পঞ্চ ব্রাহ্মণ
আনীত হইরাছিলে। কেহ কহেন যে আদিশ্ব রাজমহিষী বঙ্গীয় ব্রাহ্মণগণকে
স্থীর ব্রত সম্পাদনে অসমর্থ দেখিয়া কাণ্কুজ হইতে পঞ্চ ব্রাহ্মণ আনমন
করেন। ফলতঃ দৈবোৎপাত শাস্তিমানশেই হউক অথবা যে কোন কারণেই
ইউক পঞ্চ ব্রাহ্মণ যে যজ্ঞার্থ এ দেশে আনীত হইরাছিলেন ত্রিষয়ে কাহারও
মতান্তর নাই।

অধীশ্বর ছুইয়া পরমন্ত্রথে কালাতিপাত করিতে লাগিলেন। কালক্রেমে পঞ্চ ত্রাহ্মণের কাণুকুজন্মত পূর্বব দারোৎপন্ধ সন্ততিগণ
শিতৃ উদ্দেশে সমাতৃক বঙ্গদেশে আগমন করিলেন। কিন্তু তাঁহাদিগের সহিত সপত্র্য ভ্রাতাদিগের নিরন্তর অসমাবেশ হইবে
আশক্ষায় আদিশূর তাহাদিগকে বরেন্দ্র ভূমিতে স্বতন্ত্র গ্রাম
নির্দেশ করিয়া বঙ্গে স্থাপন করিলেন, এবং বৈমাত্র ভ্রাতাদিগের পরম্পার ঈর্যা জনিত দ্বেষভাব হেতু ছুই সম্পূর্ণ পৃথক
সম্প্রদায়ে কাণুকুজাগত সমস্ত ব্রাহ্মণগণ বিভক্ত হইয়া গেলেন।

আদিশূর বঙ্গে পরম পণ্ডিত পঞ্চ ব্রাহ্মণ স্থাপন করিয়া বঙ্গের ভাবী উন্নতি তরুর বীজ বপনরূপ অচলা কীর্ত্তি রাখিয়া লোকান্তরিত হইলেন। তদীয় পুত্র যামিনীভাকু ও তৎপুত্র অনিরদ্রে ও ক্রমে প্রতাপরদ্র ভূদত্ত প্রভৃতি কতিপয় নৃপতি বঙ্গরাজ্য শাসন করিয়া মানবলীলা সংবরণ করেন। তৎপর আদিশূর বংশীয় শেষ রাজা নিরপত্য হেতু স্বীয় দৌহিত্র বিজয়-সেন নামান্তর ধীরসেন অথবা বীরসেনকে সিংহাসন প্রদান করেন। **

^{*} আইন আকবরি মতে আদিশ্র-বংশীয় নূপতিদিগের পশ্চাৎ ১০ জন পালবংশীয় নূপতি গৌড় দেশ শাসন করিয়াছিলেন, তৎপর ধীরসেন ও বল্লালসেন প্রভৃতি বঙ্গরাজ্যের অধীশ্বর হয়েন। অষষ্ঠসম্বাদিকা গ্রন্থেও আদিশ্র বংশীয় ও বল্লাল বংশীয় নূপতিদিগের মধ্যে বৈদ্য জাতীয় পাল নামধ্যের ১০ জন নূপতির উল্লেখ আছে। ফলতঃ পালবংশীয়েরা বৈদ্যজাতীয় ছিলেন কিনা মীমাংসা হওয়া একণে স্কটেন। পালবংশীয় কতিপয় নূপতি সম্বাদ্ধের ইবল অন্তির ফলকে অন্তিত যে সকল শ্লোক পাওয়া গিয়াছে, তাহাতে তাহাদিগের জাতির কোন উল্লেখ নাই। উত্তর কালে আরও কোন চিহু আবিষ্ঠৃত হইলে ইহার মীমাংসা হইবেক। আমরা এজন্য আদিশ্র-বংশীয় নূপতির পরই সেনবংশীয়দিগের উল্লেখ করিলাম এবং পালবংশীয় নূপতিদিগের নামোলেধ একানে করিলাম না। পরিশিষ্টে উক্ত বংশের তালিকা দেওয়া গেল।

বিজয়দেনের পিতা পিতামহাদির নাম কুলজি গ্রন্থে উল্লেখ
নাই। কতিপয় বৎসর গত হইল রাজসাহীতে যে প্রস্তর
ফলকান্ধিত শ্লোক আবিদ্ধৃত ও তাহার যে অর্থোদ্ধার হইয়াছে
তদনুসারে বিজয়দেনের পিতা হেমন্তদেন ও তদীয় পিতা
সামন্তদেন চক্রবংশোৎপন্ন দাক্ষিণাত্যাধিপতি বীরদেনের
বংশে জন্ম গ্রহণ করেন। সামন্তদেন রদ্ধ বয়দে স্বীয় সিংহাসন
পরিত্যাগ পূর্বক গঙ্গাতটে আসিয়া বাসস্থান নির্মাণ করেন।
সামন্তদেনের পৌত্র বিজয়দেন গঙ্গার উভয় পার্শন্থ দেশ
পরাজয় ও কামরূপে আক্রমণ করিয়াছিলেন।

বাথরগঞ্জের তাত্র শাসনে সামন্তসেন, বিজয়দেন,বল্লালসেন লক্ষ্মণদেন এবং মাধবদেন এই পাঁচ নাম প্রাপ্ত হওয়া যায়। অতএব যদি বল্লালদেনের পিতা বিজয়দেন এবং প্রস্তরাঙ্কিত শ্লোকোল্লিখিত বিজয়দেন একব্যক্তি অনুমান করা যায়, তবে সেন রাজাদিগের বংশাবলি নিম্নলিখিত পর্য্যায়ুসারে গণনা করা যাইতে পারে।

আদে বীরদেন।
তদ্বংশে সামস্তদেন
তৎপুত্র হেমস্তদেন
বিজয়দেন নামান্তর দী

- ,, ,, বিজয়সেন নামান্তর ধীরসেন অথবা বীরসেন
- " " जल्लानरमन
- ,, ,, लकाश्तन
- ,, ,, दिन्यरान

কুলজি এন্থে এবং অন্যান্য ইতিহাঁসেও আদিশূর বংশায়-

দিগের পরেই বিজয়সেনের নামোল্লেথ ও তাঁহার রাজ্যলাভের বিররণ আছে। বীরসেন ও সামস্তসেন প্রভৃতির কোন উল্লেখ নাই, ইহাতে বোধ হয় যে আদিশুরের কয়েক পুরুষ পরেই হেমন্তদেন দাক্ষিণাত্য হইতে গঙ্গার নিকটবর্তী স্থানে উপনিবেশ স্থাপন করেন। তাঁহার পুত্রেরা পরাক্রান্ত হইয়া রাজ্য বিস্তার করিতে লাগিলেন এবং ক্রমে গৌড়ের নিকটবর্ত্তী স্থানে বদ্ধমূল হইতে 'লাগিলেন। এদিগে আদিশূরবংশীয় নৃপতিগণ বিক্রমপুরে ক্রমেই হীনপ্রভ হইয়াছিলেন, এবং এই বংশের শেষরাজা জয়ধর, হেমন্তদেন বংশীয়দিগের সহিত সোহার্দ্দ স্থাপন জন্য বিজয়দেনকে কন্যা প্রদান করেন, তিনি ক্রমে সমস্ত বঙ্গের অধীশ্বর হইয়াছিলেন। কিন্তু বল্লালের পিতা ধীরদেন, নামান্তর বিজয়দেন এবং বীরদেন বংশে বিজয়দেন যে একব্যক্তি ছিলেন, ইহার কোন প্রমাণ প্রাপ্ত হওয়া যায় না। কিন্তু ধীর বা বিজয়দেন যে বল্লালের পিতা, ইহা কুলজি গ্রন্থ এবং বাথরগঞ্জ তাম্রশাসন দ্বারা প্রমাণিত হইতেছে।

ধীরদেন বঙ্গরাজ্যে অভিষক্ত হইয়া পার্থবর্তী কতিপয় দেশ যুদ্ধ দারা পরাজয় করিলেন। এই সময়ে দিল্লীর সিংহাসনে বৈরাগী বংশীয় রাজাদিগের শেষ রাজা, মহা-প্রেম * সিংহাসন ত্যাগ করিয়া বনে গমন করিলে দিল্লীর সিংহাসন শুন্য হইল। আর্যাবর্ত্তের অন্যান্য রাজগণ দিল্লীর সিংহাসন শুন্য হইয়াছে অবগত হইয়া তদ্দেশ বিজয় মানসে যুদ্ধের আয়োজন করিতে লাগিলেন। কিন্তু ধীরদেন ছরিত্যাত্রায় সেনা সমভিব্যাহারে দিল্লীতে উপস্থিত হইলেন। পাত্র

ताकाविन ७४।७६ भृष्ठा (नथ ।

মিত্রগণ তাহাকে কোন মতেই নিবারণ করিতে পারিল না।
স্তরাং বিনা যুদ্ধেই দিল্লীর সিংহাসন অধিকৃত হইল। তিনি
দিল্লীর সিংহাসন বিজয় করিয়াছেন, এই সংবাদে অন্যান্য
নৃপতিগণও যুদ্ধোদ্যমে বিরত হইলেন। ধীরসেন দিল্লীর
সিংহাসন অধিকার হেতু বিজয়সেন নামে প্রসিদ্ধ হইলেন।

বিজয়দেন তদীয় জ্যেষ্ঠ পুত্র শুক্ষদেনেক বঙ্গদেশের শাসনকার্য্যে নিয়োজিত করিয়া স্বয়ং দিল্লীতে অধিষ্ঠিত রহিলেন।
শুক্ষদেন তিন বৎসর বঙ্গদেশ শাসন করিয়া লোকান্তরিত
হওয়ায় তদীয় কনিষ্ঠ ভ্রাতা বল্লালের হস্তে বঙ্গরাজ্য অপিতি
হয়। ইহার কতিপয় বৎসর পরে বিজয়দেন মানবলীল।
সম্বরণ করেন।

বল্লাল তদীয় পিতার মৃত্যু সংবাদ প্রবণ করিয়। স্পীয়-তনয় লক্ষ্মণসেনকে বঙ্গরাজ্য শাসনের ভার অর্পণান্তর স্বয়ং দিল্লীতে যাত্রা করিলেন। তথায় কতিপয় বংসর অতিবাহিত করিয়। বঙ্গদেশে পুনরাগমন করিয়াছিলেন। কথিত আছে, বল্লাল দিল্লীতে অধিষ্ঠান সময়ে পদ্মিনী নাম্মী এক নীচজাতীয়া পরম স্থানরী যুবতীর প্রণয়পাশে আবদ্ধ হইয়াছিলেন। লক্ষ্মণসেন এজন্য তাঁহাকে বারষার তিরস্কার করিয়া পত্র লিখেন। পত্রে সমুদয় শ্লোক লিখিত ইইয়াছিল এবং তত্ত্তরে বল্লাল যে সুমুদয় শ্লোক রচনা করেন, তাহ। অদ্যাপি বঙ্গদেশে প্রচারিত আছে।

বল্লাল কতিপয় বংসর বঙ্গরাজ্য স্থশাসন করিয়া চরম বয়সে রাজকার্য্য হইতে একপ্রকার অবসর গ্রহণ পূর্বক ধর্ম্ম শাস্ত্র আলোচনায় প্রবৃত্ত হন এবং সংস্কৃত ভাষায় কতিপয় গ্রন্থ প্রথমন করেন, তন্মধ্যে দানসাগর সমধিক প্রসিদ্ধ। এই গ্রন্থে স্মৃতিশাস্ত্রাসুমোদিত নানা প্রকার দান ও দানপদ্ধতি লিপিবদ্ধ আছে।

আদিশূর পঞ্চ ব্রাহ্মণ আনয়ন করিয়। যদ্রপ অনন্তকাল-শ্বায়ী কীর্ত্তি সংস্থাপন করিয়াছিলেন, বল্লালও তাদৃশ কোন উপায় দ্বারা স্বীয় নাম চিরস্মরণীয় হইতে পারে, অনুক্ষণ চিন্তা করিতে লাগিলেন, এবং পরিশেষে পণ্ডিতদিগের সহিত যুক্তি করিয়া গৌড-সমাজে কোলীনা মর্য্যাদার অবতারণা করিলেন।

বল্লালের সময়ে বঙ্গদেশে শৈব মত সর্ব্বাপেক। প্রাধান্য লাভ করে। বল্লাল নিজেও সাতিশয় শিব-পরায়ণ ছিলেন। দানসাগর গ্রন্থে, বল্লাল আপনাকে 'পরমমাহেশ্বরনিঃশঙ্কশঙ্করঃ' বলিয়া উল্লেখ করিয়াছেন *। কেহে কেহ বলেন বল্লাল ব্রহ্ম-পুত্র নদের ঔরদে জন্ম গ্রহণ করিয়াছিলেন। যাহা হউক, এই সমুদয় অলোকিক ঘটনার কোন প্রমাণ আমরা প্রাপ্ত হই নাই। এবং ঐ সমুদয় বিষয় উল্লেখ করাও নিপ্প্রাজন। বল্লাল সর্ব্বশুদ্ধ বঙ্গে পঞ্চদশ বৎসর এবং দিল্লীতে দ্বাদশ বৎসর রাজত্ব করেন। আইন আকবরি মতে বল্লালের রাজত্বকাল পঞ্চাশৎ বৎসর নির্ণিত আছে।

[🕈] দান সাগর গ্রন্থের শেষভাগে লিখিত আছে।

ধশ্মস্যাভূদয়ায় নান্তিকপদোচ্ছেদায় জাতঃ কলৌশ্রীকান্তোহপি সরস্বতী-পরিবৃতঃ প্রভাক্ষনারায়ণঃ। পাদান্তোজনিষগ্রিষ্থস্থাসাম্রাজ্যলক্ষীযুতঃ। শ্রীবলাল নরেশ্বরা বিজয়তে সংঘৃত্তিস্তামণিঃ ইত্যাদি।

ইতি প্রম্মানেশ্রমহারাজাধিরাজনিঃশঙ্কশঙ্করঃ শ্রীমন্বল্লালসেন দেব-বির্চিতঃ শ্রীদানসাগরঃ সমাধ্য:।

বল্লাল স্বর্গারোহণ করিলে লক্ষ্মণসেন সীয় অমুজ কেশব সেনকে বঙ্গদেশের শাসন-কার্য্যে নিযুক্ত করিয়া স্বয়ং দিল্লীতে পিতৃসিংহাসন গ্রহণানন্তর রাজ্যশাসন করিতে লাগিলেন। লক্ষাণসেন দশ বৎসর দিল্লী স্থশাসন করিয়া লোকান্তরিত হন, তৎপর কেশবদেন চতুর্দ্দশ বৎসর, তাহার পর মাধবদেন একা-দশ বৎসর ক্রমান্বয়ে বঙ্গদেশের ও দিল্লীর সিংহাসনে অধিরো-হণ করেন। মাধব দিল্লীতে সিংহাসনাধিরোহণ সময়ে তদীয় ভ্রাতা সদাসেন বঙ্গরাজ্য শাসন করিয়াছিলেন, কিন্তু মাধবের মৃত্যু হইলেও তদীয় সন্তানগণ দিল্লীতেই রহিলেন, বঙ্গরাজ্য সদাসেনের করায়ত্ত রহিয়া গেল, মাধ্বসেনের মৃত্যুর পর হইতে সদাসেন তেত্ত্রিশ বৎসর বঙ্গরাজ্য শাসন করিয়াছিলেন। সেন বংশীয় নৃপতিদিগের বিজয়দেন হইতে সদাসেন পর্য্যন্ত ক্রমার্য়ে নূপতিদিগের নাম কুলজি গ্রন্থ, তাত্রশাসন, প্রস্তরা-ঙ্কিত শ্লোক, এবং আইন আকবরিতে প্রায় একপ্রকার উল্লেখ আছে, কিন্তু সদাসেনের পরবর্তী নৃপতিদিগের নাম আইন আকবরিতে যে প্রকার আছে, কুলজি গ্রন্থে তদ্ধপ নাই। আইন আক্বরিতে সদাসেনের পরেই নৌজিব নামের উল্লেখ আছে, এবং তুৎপর হইতে মুসলমানদিগের রাজ্য আরম্ভ নিৰ্ণীত হইয়াছে। অতএব আইন আকবরি মতে নৌজিবই বৈদ্বদেশের শেষ হিন্দু রাজা। কিন্তু বৈদ্য-কুলজি মতে তেজ-रमन रिक्तुवर्शीय रभव तांका, अवर मनारमन ও তেজरमन এতত্বভয়ের মধ্যে জয়দেন, উত্তাদেন, বীরদেন এই তিন নূপ-তির নামোল্লেখ আছে। মিনহাজউদ্দীন কৃত তবকত নাসিরী গ্রন্থে নিখিত আছে, ১২০০ খৃষ্টাব্দে বঙ্গদেশ বখ্তীয়ার

থিলিজি কর্তৃক অধিকৃত হয়, ঐ সময় লক্ষ্মণিয়া নামে অশীতি বুর্ষ-বয়ঃক্রম এক নুপতি বঙ্গদেশের অধিপতি ছিলেন।

এই প্রকার নানা মতের কোনটি যথার্থ স্থির করা স্থকটিন, যে পর্যান্ত কোন স্থনিশ্চিত প্রমাণ প্রাপ্ত না হওয়া যাইবে, তদবধি যিনি যে প্রকার দিদ্ধান্ত করুন না কেন, সমস্তই অনু-মানে পর্যবিদিত হইবে। অতএব আমরা সদাসেনের পরবর্ত্তী নৃপতিগণের রক্তান্ত লিখিতে আপাততঃ ক্ষান্ত থাকিলাম। তবে গোড়দেশ যে সেনবংশীয় শেষ নৃপতির হস্ত হইতে যবনগণ কর্ত্ব অধিকৃত হয়, তাহার আর অনুমাত্র সন্দেহ নাই।

আদিশূর এবং বল্লাল কোন্ সময়ে প্রাত্নভূতি হইয়াছিলেন, তাহা এ পর্যান্ত নিঃদন্দেহরূপে স্থির হয় নাই। পুরাতত্ত্বাসু-সন্ধায়িগণ পুস্তকাদির প্রমাণ, বংশাবলী দৃষ্টে সময়ের বিচার, এবং অনুমানের প্রতিনির্ভর করিয়া নানা মত প্রচার করিয়াছেন। কিন্তু এই সকল দিদ্ধান্তের কোন্টি গ্রাছ, স্থির করা সহজ নহে। এ সম্বন্ধে মূল প্রমাণ "ক্ষিতীশবংশাবলি চরিত" "সময় প্রকাশে " বল্লাল-কৃত দানসাগর গ্রন্থ রচনার সময় নির্দেশ, ব্রাক্ষণদিগের কুলজি গ্রন্থে,পঞ্চ ব্রাক্ষণের আগমনকাল নিরূপণ, আইন আকবরিতে বঙ্গদেশের নুপতিগণের তালিকায় তাহা-দিগের রাজত্বকালের বৎসর গণনা, এবং অন্যান্য কতিপয় প্রমাণ। উপরোক্ত গ্রন্থগুলির কোন থানি প্রামাণ্য, পণ্ডিত-গণ মধ্যে মত ভেদ দৃষ্ট হয়। একজন যে গ্রন্থ প্রামাণ্য বলিয়া স্বীকার করেন, অন্যে তাহা অপ্রামাণ্য বলিয়া উপেক্ষা করেন, অক্তএব আমরা আদিশুর এবং বল্লালের সময় নিরূপণে হস্ত- ক্ষেপণ করিলাম না। পরিশিষ্টে কাহার কি মত ব্যক্ত করিলাম, পাঠকগণ তদ্ফে স্বীয় স্বীয় দিদ্ধান্ত হির করিয়া লইবেন।

দ্বিতীয় অধ্যায়।

আদিশূর ও বল্লাল উভয়েই অষষ্ঠ কুলোংপন্ন বলিয়া প্রদিদ্ধ। কুলজি গ্রন্থে এতহুভয় অষষ্ঠ কুলোংপন্ন স্কুম্পন্ট লিখিত আছে, ইহাদিগের অষষ্ঠ জাতি সম্বন্ধে প্রায় সহস্র বংসরাবধি কাহারই আপত্তি উপস্থিত হয় নাই, কিন্তু দাদশ বংসর অতীত হইল ডাক্তর রায় রাজেন্দ্র লাল মিত্র বাহাত্বর কতিপয় প্রমাণ সংগ্রহ করিয়া এক প্রবন্ধ এসিয়াটিক সোসা-ইটির জানেল মুদ্রিত করেন। তাহাতে বল্লালসেন এবং আদিশূর ক্ষত্রিয় ছিলেন, এই মত প্রচার করিয়াছেন।

এই নূতন মত প্রচারের পর অনেকেই আদিশূর এবং বল্লালের বর্ণ সম্বন্ধে সন্দিহান হইয়াছেন। কেহ কেহ বঙ্গের সেন রাজা-দিগের সম্বন্ধে বংশ পরম্পরাগত যে বিশ্বাস স্থাপিত হইয়াছে তাহা কোন প্রকারেই ভ্রম পূর্ণ হইতে পারে না বোধে এবিষয় আন্দোলন নিপ্রান্তন বিবেচনা করেন। যাহা হউক, ডাক্তর রাজেন্দ্র বাবুর প্রবন্ধ মুদ্রিত হওয়ার পর তাহার মত পরি-পোষণার্থ আর কোন বিশেষ নৃতন প্রমাণ সহ প্রবন্ধ লেখা হইয়াছে কি না, জানি না। কিন্তু তাহার মতের বিরুদ্ধে কেহ কোন প্রবন্ধ মুদ্রিত করেন নাই।

১২৮৩ সালের আষাঢ় মাসের "বান্ধবে" সেন রাজা শীর্ষক এক প্রবন্ধ মুদ্রিত হয়, কিন্তু লেখক রাজেন্দ্র বারুর প্রদর্শিত প্রমাণ প্রদর্শন ও স্থল বিশেষে তদীয় প্রবন্ধের অনুবাদ করিয়াছিলেন মাত্র, নিজে কোন কথাই উদ্ভাবন করিতে সমর্থ হন নাই।

রাজেন্দ্রবারু যে সমুদয় প্রমাণ প্রদর্শন করিয়াছেন, তাহার সারাংশ নিম্নে লিখিত হইল ঃ—

১ম। কুলাচার্য্য ঠাকুরকৃত কুল পঞ্জিকাতে আদিশূর "ক্ষত্রিয়বংশহংসঃ" বর্ণিত হইয়াছেন। রাজেন্দ্র বাবুর মতে "ক্ষত্রিয়বংশহংসঃ" অর্থে (the sun of the kshatriya race) ক্ষত্রিয় জাতির সূর্য্য, অতএব আদিশূর ক্ষত্রিয় জাতি।*

২য়। রাজসাহীর প্রস্তর ফলকে বীরদেন, সামস্তদেন, হেমস্তদেন প্রস্থৃতি গোড়ের নরপতিগণ চক্রবংশ সমুৎপন্ন বলিয়া বর্ণিত হইয়াছেন। বাথরগঞ্জের অন্তর্গত ৮ কানাই লাল ঠাকুরের জমীদারিতে ভূপৃষ্ঠে এক থানি তাত্র শাসন পত্র আবিষ্কৃত হইয়াছে, ঐ তাত্রশাসনে বল্লালসেন ওং

[&]quot;On the sen Rajahs of Bengal" by Rajendra Lala Mitrapublished in the journal of the Asiatic Society of Bengal P. 141.
No. 3 of 1865.

তংপুত্র লক্ষাণসেন প্রভৃতি সোমবংশে জন্ম গ্রহণ করিয়াছেন এপ্রকার শ্লোক খোদিত আছে।

রাজেন্দ্র বাবুর মতে বীরদেন প্রভৃতি চন্দ্রবংশ-সম্ভূত, অতএব তাহারা অবশ্য ক্ষত্রিয় জাতি, এবং তিনি অনুমান করেন, বীরদেন আদিশূরের নামান্তর মাত্র। বীর ও শূর উভয়েই একার্থপ্রতিপাদক শব্দ, অতএব বল্লালের পূর্ব্বপুরুষণণ মধ্যে বীরদেন, বংশ প্রবর্ত্তন হেতু, আদি শব্দ সংযোগে ও বীরস্থানে শূর পরিবর্ত্তন হইয়া আদিশূর নামে বিখ্যাত হইয়াছিলেন। আদিশূর এবং বীরদেন উভয়েই একব্যক্তি, স্কৃতরাং রাজসাহির প্রস্তর ফলকান্ধিত এবং বাথরগঞ্জের তাত্রশাসনের ক্রোকান্থ্যার আদিশূরের ক্ষত্রিয়ত্ব নিরূপণ হইতেছে।

রাজেন্দ্র বাবু এতত্ত্তয় প্রমাণ বলে আদিশূর প্রভৃতির ক্ষত্রিয় জাতি নির্দ্ধারণ করতঃ বলিয়াছেন যে, আদিশূর বৈদ্যজাতি, এই জনপ্রবাদ ও সাধারণ সংস্কারের বিপরীত লিখিত প্রমাণ বিদ্যমান থাকা হেতু, উক্ত প্রবাদ ও সংস্কার সম্পূর্ণ অগ্রাহ্য। তবে এ প্রকার গুরুতর ভ্রম কি প্রকারে উৎপন্ন হইল ? তিনি বলেন যে 'পুরাকালে উত্তর-পশ্চিমাঞ্চলে অন্বষ্ঠ নামে এক ক্ষত্রিয়বংশ বাস করিত, বিষ্ণু পুরাণে উত্তর-পশ্চিমাঞ্চলীয় ভিন্ন জ্যাতির উল্লেখ স্থলে এই ক্ষত্রিয়দিগের ভ্রমাঞ্চলীয় ভিন্ন জ্যাতির উল্লেখ স্থলে এই ক্ষত্রিয়দিগের পাণিনি এক শব্দে—ক্ষত্রিয়জাতি ও তাহাদিগের বাসস্থান—এই তুই প্রকার অর্থাত্মক শব্দের উদাহরণ স্থলে অন্বষ্ঠ শব্দের উল্লেখ করিয়াছেন, (পাণিনি ৪।১।১১৭ সূত্র)। মহাভারতে ঐ শব্দ এক ক্ষত্রিয় জাতি এবং ক্ষত্রিয়রাজার নাম বিশেষে ব্যব্দ

হার আছে, এবং মেদিনী বিশ্বপ্রকাশ ও শব্দার্থ রক্লাকরে অন্বর্চ আর্থে দেশ বিশেষের সংজ্ঞা উল্লেখ আছে। সেন রাজারা ক্ষত্রিয়-জাতির এই শাখান্তর্গত হওয়াই সম্ভব,এবং বঙ্গদেশে তৎপরবর্তী সময়ে ব্রাহ্মণ এবং বৈশ্যোৎপন্ন মনুর অন্বর্চ জাতি বলিয়া গোল হইয়া তাহাদিগকে বৈদ্য জাতি গণ্য করা হইয়াছে।"

রাজেন্দ্র বাবুর এই সকল প্রমাণ কতদূর প্রবল এবং যুক্তিসঙ্গত তাহ। ক্রমে প্রদর্শিত হইতেছে। প্রথম প্রমাণে আদিশুরের বর্ণনায় 'ক্ষেত্রিয়বংশ-হংসং" এই বিশেষণ কুলাচার্য্য ঠাকুর-কৃত কুল পঞ্জিকাতে বিদ্যমান আছে, উল্লেখ করা হইয়াছে, কিন্তু কুলাচার্য্যগণ-কৃত রাটীয়শ্রেণী ও বারেন্দ্রশ্রেণী ব্রাহ্মণদিগের কুলপঞ্জিকা, বৈদ্য-কুলপঞ্জিকা, কায়স্থ-কুলদীপিকা, কুলরাম প্রভৃতি বহু কুলজি গ্রন্থ প্রচলিত আছে। প্রদানদ মিশ্র, দেবীবর, কবিকণ্ঠহার প্রভৃতি অনেকেই কুলজি গ্রন্থ লিখিয়া সমাজে কুলাচার্য্য বলিয়া প্রসিদ্ধ হইয়াছেন। অতএব কোন্ কুলাচার্য্য ঠাকুর-কৃত কুলপঞ্জিকা, তাহা নির্দিষ্ট না থাকা হেতু আমরা চারি পাঁচ খানি কুলপঞ্জিকা অনুসন্ধান করিয়া দেখিলাম কিন্তু একখানিতেও "আদিশুরঃ ক্ষত্রিয়বংশহংসঃ" প্রাপ্ত হইলাম না।

প্রকৃত প্রস্তাবে কোন কুলপঞ্জিকাতে "ক্ষত্রিয়বংশ হংসং" বচন বিদ্যমান থাকিলেও আদিশুরের ক্ষত্রিয়ত্ব কতদূর প্রতিপাদিত হয়, বলিতে পারিনা। সংস্কৃত ভাষার প্রকৃতি অসুসারে সামান্য আকারাদির পরিবর্ত্তনে শব্দার্থের ভাবান্তর হইয়া যায়, অত্তব সম্পূর্ণ শ্লোকাভাবে শ্লোকের কিয়দংশের অর্থ নিরূপণ করা স্থক্তিন। যাহা হউক, রাজেন্দ্র বাবুর উল্লেখ অনুসারে "ক্ষত্রিরবংশহংসঃ" বিশেষণ দারা আদিশূর ক্ষত্রিয় ছিলেন, এরূপ অর্থ করা যাইতে পারে, কিন্তু রাজেন্দ্র বারু "ক্ষত্রিয়ংশহংসঃ" এই বিশেষণ মাত্র কুলজিগ্রন্থ হইতে উদ্ধৃত করিয়াছেন; স্বতরাং "আদিশূরঃ" শব্দ উক্ত বিশেষণবাচক বাক্যের পূর্বের অথবা পশ্চাতে কি ভাবে প্রযোজিত আছে তাহা কুলজি-উদ্ধৃত উক্ত বচন দারা ঠিক হইতে পারে না। যদি আদিশূরের প্রতাপের উপমান্থলে, অথবা "সূর্য্যের ন্যায় তিনিও এক নৃপতিবংশের আদিপুরুষ এবং বংশপ্রবর্ত্তিরতা" এরূপ বর্ণনা স্থলে "ক্ষত্রিয়বংশহংসঃ" বিশেষণ ব্যবহৃত হইয়া থাকে, তাহা হইলে উহা দ্বারা আদিশূরের ক্ষত্রিয়ন্থ কোন প্রকারে নির্ণাত হয় না।

আদিশ্র যে সময়ে গৌড়দেশে স্বীয় সামাজ্য স্থাপন করেন, তৎকালে ভারতের অন্য কোন রাজ্যে অম্বর্চ জাতীয় স্থাসিদ্ধ কোন নরপতি বিদ্যান ছিলেন না। এনিমিত্ত প্রবল্পরাক্রান্ত বুদ্ধদিগের বিজেতা আদিশ্রের গুণগ্রাম উল্লেখ সময়ে তাঁহাকে অন্যান্য রাজ্যের ক্ষত্রিয় নূপতিদিগের সহিত তুলনা ভিন্ন গত্যন্তর ছিল না। বিশেষতঃ মহাবল পরাক্রান্ত রাজাদিগের প্রসাদ-লালসায় এতদ্দেশীয় কবিগণ নানাপ্রকার অত্যক্তি করিয়া তাঁহাদিপের সামান্য যুদ্ধকার্যাকে দিখিজয়, যৎসামান্য ইন্টকালয়কে ইন্দ্রের অমরাপ্রী, এবং তাঁহাদিগের সাধারণ কার্য্য অসাধারণ অবদান বলিয়া বর্ণনা করিতেন। ইহাতে আদিশূর অম্বর্চ জাতি হইয়াও তদানীন্তন ক্রিয় নৃপতিদিপের শ্রেষ্ঠ বর্ণিত হইবেন, বিচিত্র নহে। এবং এ প্রকার অনুমান করা অযোজিকও হইতে পারে না। কিস্তু

ইহাতে তাঁহাকে কোন ক্রমেই ক্যত্তিয় স্থির করা বাইতে পারে না।

বঙ্গদেশে যে সকল কুলজি গ্রন্থ প্রচলিত আছে তাহাতে আদিশূর ও বল্লাল নিরন্তর অম্বর্চকুলোৎপন্ন উল্লেখ আছে।

রাদীয় ত্রেণীর ব্রাহ্মণ কুলীনদিগের মেলবন্ধকারী পণ্ডিতবর দেবীবর ঘটক আদিশূরকে অন্বর্চ্চক্রলাৎপন্ধ বলিয়াছেন।
পাঠকদিগের দৃষ্টার্থে তৎপ্রণীত কুলজিগ্রন্থ হইতে কতিপয়
শ্লোক নিম্নে উদ্ধৃত করা পেল *। দেবীবর কুলীন সমাজে
অসামান্য ক্ষমতা লাভ করিয়াছিলেন। ইহাঁর কৃত মেলবন্ধের
স্থান্ট শৃদ্ধাল হইতে অদ্য পর্যন্ত ব্রাহ্মণ কুলীনগণ মুক্তি লাভ
করিতে পারেন নাই। তিনি প্রত্যেক কুলীন ব্রাহ্মণের বংশপরিচয় বিশেষ রূপে অবগত হইয়াছিলেন, এবং পঞ্চ ব্রাহ্মণের
বঙ্গে আগমন হইতে তাঁহাদিপের অধন্তন পুরুষগণের আচার,
ব্যবহার এবং সম্বন্ধাদি বিশেষরূপে অনুসন্ধান করিয়াছিলেন।
অতএব দেবীবর বল্লালের পরে জন্ম গ্রহণ করিলেও পঞ্চ
ব্রাহ্মণের আনয়িতা আদিশুরের কোন্ জাতি, অবশ্যই বিশেষরূপে অবগত হইয়াছিলেন, এবং তিনি স্পান্টাক্ষরে আদিশূরকে অন্বর্চ্চরংশোদ্ভব বলিয়া গিয়াছেন।

বৈদ্যদিনের কুলপঞ্জিকাতে আদিশূরের বংশাবলি সবিস্তার লিখিত আছে, এবং তাহাতে আদিশূর ও বল্লাল শেন

^{*} অষ্ঠকুলসভূত আদিশ্রো নৃপেশবঃ। রাচ্গৌড্বরেক্রাশ্চ বঙ্গদেশস্তথৈ-বচ। এতেষাং নৃপতিশৈচব সর্বভূমীশ্বরোধদা অমাতৈয়বান্ধবৈশ্চৈব মন্ত্রিভিন্ধিজ-বুন্দকৈঃ। এতেঃ সহ মহীপাল একদা স নিজালয়ে। উপবিষ্টোর্বিজান্ কাষ্টং ধর্মশান্ত্রপরাধ্যঃ। ইত্যাদি দেবীবর্ঘটক কারিকা।

२य मः अत्र न न क क क क क का का मार्क न १२ भूकी एन पन ।

উভয়েই বৈদ্যকুলসভূত উল্লিখিত হইয়াছেন *। কায়স্থ জাতির কুলপঞ্জিকাতে আদিশূর ও বল্লালকে অন্বষ্ঠকুলোৎপন্ন বলা হইয়াছে †। বারেন্দ্র শ্রেণীর কুলপঞ্জিকার ঘটককারিকায় পঞ্চ ব্রাহ্মণ কাণ্যকুজ হইতে কি নিমিত্ত গৌড়দেশে আগমন

* শ্রীমদ্রাজ্ঞানিশ্রঃ ভবদবনিপতিস্তত্রবঙ্গাদিদেশে,
সলোকঃ সদিচাবৈরদিতিস্তৃতপতিঃ স্বর্যধানীৎতথাসীৎ।
প্রাতাপাদিত্যতপ্তাথিলন্তিমিররিপুন্তত্বের। মহাত্মা,
জিত্বা বৃদ্ধাংশ্চকারস্বয়মপি নূপতির্গে গুড়রাজ্যান্নিরস্তান্।
অষ্ঠানাং ক্লেহদো প্রথমনরপতি বীর্যদেশিয্যাদিযুক্তস্তুত্মান্নামাদিশ্রো বিমলমতিরিতিখ্যাতিযুক্তো বভূব। ইত্যাদি
অস্কঠ স্বাদিকোদ্ধৃত প্রাচীন বৈদ্যকুলপঞ্জিকার বচন।

এই কয়েকটী শ্লোক শক্কলজনে কায়স্থ শব্দে পঞ্চত্রাহ্মণ আনম্ন সাম্বাদেও লিখিত ইইয়াছে।

পূরা বৈদ্যকুলোভ্তঃবল্লালেন মহীভূজা।
ব্যবস্থাপিচ কৌলীন্যং ছহিসেনাদিবংশজে।
পৌকবৈষনতিক্রম্য সাধাদোষাদিদূষিতেঃ।
আচার বিনয়াদ্যেশ্চ গুণে বিরহিতেপিচ।
কুলীনশকঃ ক্রায়ামিতি স্ক্র্মীয়াং মতঃ।
কবি কণ্ঠহার প্রণীত বৈদ্যকুলজি।

† অথ বল্লালকত শ্রেণীবিভাগ।
তথ বল্লালভূপশ্চ অষ্ঠকুলনন্দনঃ।
কুক্তেতি প্রবত্নে কুলশান্ত্রনিরূপণং।।
আদিশ্রানীতান্ বিপ্রান্ শূদ্রাংশ্চৈব তথাপরান্।
এতেবাং সন্ততীঃ সর্বা আনমংস নিজালয়ে ॥
যত্র মত্রন্থিতাঃ বিপ্রান্তত্র গ্রামে নিরোপিতাঃ।
শ্রেণীঘ্রন্ত নির্ণীতং রাটীবারেক্সসংজ্ঞিতং ॥
তথৈব দ্বিবং প্রোক্তং কুলঞ্চন্তিভোক্তমে।
শ্রুস্যাথ চত্র নূপেণ শ্রেণীয়ঃ কুতাঃ॥
উদগ্দক্ষিণ্রাটোচ বঙ্গবারেক্রকে) তথা।
কুলংচভূর্বিধং তেষাং শ্রেণি শ্রেণি বিশেষতঃ॥

তি ক্রাম্ম শ্রুর্বিশ্বর্তি বিশেষতঃ॥

তি ক্রাম্ম শ্রুর্বিশ্বর্তি বিশেষতঃ॥

তি ক্রাম্ম শ্রুর্বিশ্বর্তি বিশেষতঃ॥

স্বান্ত্রিবিধার বিশ্বর্তি ব্যান্তর্তি বিশেষতঃ॥

তি ক্রাম্ম শ্রুর্বিশ্বর্তি বিশ্বর্তি ব্যান্তর্ত্বিবিধার বিশ্বর্তি শ্বর্তি শিল্পিক বিশ্বর্তি বিশ্বর্য বিশ্বর্তি শিল্পি বিশ্বর্তি বিশ্বর্তি বিশ্বর্তি শিল্পি বিশ্বর্তি বিশ্বর্তি শিল্পি বিশ্বর্তি শিল্পি শিল্পি বিশ্বর্তি শিল্পি শিল্পি বিশ্

শক্ষরত্মাদ্ত কামত্ব শকে বঙ্গ ঘটক রামানল শর্মাকৃত কুল্দীপিকা।

করিয়াছিলেন বর্ণন সময়ে, আদিশূর বৈদ্যবংশীয় নৃপতি উল্লেখ
করিয়া, তৎকর্তৃক পঞ্চত্রাহ্মণ আনয়ন ঘটিত রক্তান্ত লিখিত
আছি । তৎপরে কৌলীন্য মর্য্যাদার প্রবর্ত্তরিতা বল্লালকে
আদিশূরের দৌহিত্রবংশোপন্ন নির্দ্দেশিত আছে ণ। রাটীয়
শ্রেণীর কুলপঞ্জিকা মিশ্রী গ্রন্থের মতেও আদিশূর ও বল্লাল
অম্বর্তকুলোৎপন্ন, কদাচ ক্ষত্রিয় বলিয়া উল্লেখ নাই। এতদ্রিম অন্যান্য কতিপয় কুলপঞ্জিকায় আদিশূর এবং বল্লালদেন
বৈদ্য বলিয়া উল্লেখ আছে।

বঙ্গদেশে যে সকল কুলজিগ্রন্থ প্রচলিত আছে, তন্মধ্যে কোন পুস্তকেই আদিশূর ও বল্লাল সম্বন্ধে দ্বৈধমত নাই। সকল পুস্তকেই উভয়কে অম্বষ্ঠ নির্দেশ করা হইয়াছে। অত-এব শ্রীষুক্ত রাজেন্দ্র বাবু যে কুলজি গ্রন্থের উল্লেখ করিয়া-ছেন, তাহাতে আদিশূরসম্বন্ধে "ক্ষত্রিয় বংশহংসঃ" বিশেষণ

^{*} অথ গৌড়দেশে কেন প্রকারেণ ব্রাহ্মণস্যাগমনং তৎশূণু, অথ সকল-দিন্দেশীয়রাজমধ্যে কলিযুগাবভার ইব নিথিলমঙ্গলালয়ঃ প্রীলপ্রী আদিশ্রোনাম-রাজা সালেনুকুলোদ্ভবঃ পরমধার্মিকো আসীৎ ইত্যাদি।

वादब्स घठेक काविका।

[†] আদিশ্রস্য নৃপতেঃ কন্যাকুলসমূদহঃ।
বল্লালসেনো নৃপতিরজায়ত গুণোত্তমঃ॥
রাঢ়ায়াং গৌড়বারেক্রবঙ্গপৌণ্ডোপবঙ্গকে।
অধিকারোভবেত্তস্য বলবীর্যপ্রভাবতঃ॥

বারেন্দ্র কুলজি গ্রন্থ।

উপরোক্ত শ্লোকদ্বর যে পুস্তক হইতে গ্রহণ করা হইয়াছে। ঐ পুস্তক অভিশয় প্রাচীন এবং প্রামাণ্য। এই পুস্তক পুক্ষপরস্পরাগত কুলজি-গ্রন্থবাবদায়ী এক ঘটক বাহ্মণের নিকট আছে। পুর্ববঙ্গের পণ্ডিজ্ঞ প্রধান শ্রীষ্কু রাম্ধন তর্কপঞ্চানন মহাশ্য ঐ পুস্তক হইতে স্বয়ং উক্ত শ্লোক-দ্বয় উদ্ধৃত করিয়া প্রস্তাবলেধককে প্রেরণ করিয়াছিলেন।

নিখিত থাকিলেও আমরা আদিশ্রের ক্ষত্রিয়ত্ব স্বীকার করিতে পারি না। যেহেতু পূর্ব্বোল্লিখিত প্রামাণ্য এবং প্রচলিত কুলজি গ্রন্থ সমূহের মতবিরুদ্ধে এবং বংশপরম্পরাগত কিম্বদন্তির বিরুদ্ধে, এক অনিশ্চিত এবং অপ্রচলিত পুস্তক প্রমাণ স্বরূপ গ্রাহ্য হইতে পারে না।

আমরা যে কএকখানি কুলজি গ্রন্থের উল্লেখ করিলাম, তন্মধ্যে প্রতি পুস্তকেই প্রথমে আদিশ্রের বর্ণনা তৎপরে বল্লাল সম্বন্ধে কতিপয় শ্লোক লেখা আছে। কুলপঞ্জিকার এই প্রচলিত রীত্যমুসারে, রাজেন্দ্র বাবুর উল্লিখিত কুলপঞ্জিকাতে বল্লালের বর্ণনা ঘটিত কতিপয় শ্লোক থাকা সম্ভব। কিন্তু তিনি উক্ত কুলপঞ্জিকা হইতে আদিশ্রসম্বন্ধে একমাত্র প্রমাণ উদ্ধৃত করিয়াছেন, বল্লাল সম্বন্ধে কোন বচনের উল্লেখ করেন নাই। যাহা হউক আদিশ্রের ক্ষত্রিয়ন্থ প্রতিপাদক রাজেন্দ্র বাবুর দর্শিত প্রথম প্রমাণের বিরুদ্ধে কুলজিগ্রন্থ হইতে যে সকল প্রমাণ প্রাপ্ত. হইয়াছি তৎসমুদ্য় উল্লেখ করাগেল। পাঠকবর্গ রাজেন্দ্র বাবুর প্রদর্শিত প্রমাণ কতদূর অকাট্য এবং সঙ্গত বিবেচনা করিবেন। *

শ রাজেন্দ্র বাব্র উলিখিত, কুলাচার্য্যঠাকুর ক্বত কুলজিগ্রন্থে আদিশ্রের কৃতির জাতি নির্দেশ আছে, কিন্তু অন্যান্য কুলজিগ্রন্থে, আদিশ্র বৈদ্যজাতি, স্পটাক্ষরে উল্লেখ প্রাপ্ত হওয়া বায়। এবিধি মতভেদের কারণ আমরা অনুমান দ্বারা যতদ্ব স্থির করিতে পারিয়াছি, তাহাতে বোধ হয় যে, লিপিকারকের ভ্রম বশতঃ রাজেন্দ্রবাব্র ক্থিত কুলপঞ্জিকাতে, পাঠের কোন প্রকার পরিবর্ত্তন হইয়া থাকিবে।

[•] এতদেশে মূদ্রাযন্ত্র প্রচলিত হওয়ার পূর্বে সকলকেই পুস্তকাদি স্বহস্তে লিথিয়া লইতে হইত। বাঁহারা বিদ্বান এবং ভাষাজ্ঞ তাঁহারাই গ্রন্থাদির অবিকল, এবং মথায়থ প্রতিলিপি করিতে পারিতেন। কিন্তু বাঁহারা তদ্বিষয়ে

রাজেন্দ্র বাবুর প্রদর্শিত আদিশূর এবং বল্লালের দ্বিতীয় প্রমাণ, কেশবসেন প্রদত্ত তাম্র শাসন পত্তে সেনবংশীয় স্থালদিগের সোমবংশোদ্ভব উল্লেখ, ও রাজসাহীর প্রস্তরাঙ্কিত প্রোকে বিজয়সেন প্রস্তৃতির চন্দ্রবংশোৎপন্ন নির্দেশ।

উপরোক্ত দিতীয় প্রমাণের সমালোচনার অগ্রে, তাত্র-শাসনপত্র ও প্রস্তরফলক-বর্ণিত বিষয়ের সংক্ষেপে উল্লেখ

ন্যন, তাঁহাদিগের লিখিত পুস্তকের অধিকাংশ স্থলে, মূল পুস্তকের পাঠ পরিবর্ত্তন এবং ভাবান্তর হইয়া যাইত। বিশেষতঃ কুলজিপ্রস্থের আলোচনা এবং প্রয়োজন একমাত্র ঘটকসম্প্রদায়ের হস্তে নাস্ত ছিল। ব্যবসায় চালাইবার অনুরোধে, অনেকেই ব্যাকরণ ও সাহিত্য শিক্ষার অবসর প্রাপ্ত হইতেন না; এবং অল্প কিঞ্চিং শিক্ষা করিয়া ব্যবসায় আরম্ভ করিতেন, ও কুলজি হইতে কতিপয় শ্লোক কঠন্ত করিয়া, জনসমাজে ঘটকচ্ডামণি বলিয়া প্রসিদ্ধ হইতেন। এই সকল ঘটকচ্ডামণিরাই কুলজিগ্রন্থের পাঠ পরিবর্ত্তন করিয়া নানা প্রকার গণ্ডগোল করিয়াছেন।

যাহা হউক উপরোক্ত স্থাপনায় নির্ভর করিয়া, উপলব্ধি হয় যে, রাজেক্র বাবুর কুলজিগ্রন্থে "ক্ষত্রিয়বংশহংসঃ" পাঠ পরিবর্তে যদি "ক্ষেত্রিয়বংশহংসঃ" পাঠ করা যায়, তবে এই কুলজিগ্রন্থ অন্যান্য কুলজিগ্রন্থের সহিত এবং দেশীয় কিম্বদস্তির সহিত একতা অবলম্বন করে।

মেদিনী অভিধানে "ক্ষেত্রিয়" শব্দ পর্য্যায়ে "ক্ষেত্রিয়ং ক্ষেত্রজত্থে পরদেহচিকিৎসয়ে। শব্দি পরিত আছে। এবং 'হংস' শব্দ পর্য্যায়ে 'হংসংস্যান্ধানসৌকসি, নির্মোভন্পবিষণুকে পরমাত্মনিমৎসরে, যোগীভেদে মন্ত্রভেদে শরীরমকদন্তরেজ্যুরক্ষম প্রভেদেপি'—লিখিত আছে। অতএব "ক্ষেত্রিয়" শব্দ অর্থে, চিকিৎসা; তৎপর লক্ষণা করিয়া চিকিৎসক ব্যায়। এবং 'হংস'' অর্থ নৃপতি। অতএব "ক্ষেত্রিয়বংশহংসঃ' অর্থ চিকিৎসক বংশীর নৃপতি। আদিশ্বকে চিকিৎসক বংশীর, অর্থাৎ বৈদ্যবংশীয় নৃপতি উল্লেখ করিলে, এই গ্রন্থের সহিত অন্যান্য কুলজিগ্রন্থের অভিন্ন ভাব রক্ষিত হয়। একন্য 'ক্ষেত্রিয় বংশহংসঃ' পাঠ স্থলে, সামান্য পরিবর্ত্তন পূর্ব্ধক 'ক্ষেত্রিয় বংশহংসঃ' পাঠ স্থালে, সামান্য পরিবর্ত্তন পূর্ব্ধক 'ক্ষেত্রিয় বংশহংসঃ' পাঠ আমাদের নিকট যুক্তিসঙ্গত বোধ হয়।

করা যাইতেছে *। কেশবদেন প্রদত্ত তাত্রশাদনপত্র ৺
কানাইলাল চাকুরের ইনীলপুর পরগণায় ভুপৃষ্ঠ হইতে উদ্বৃত
হইয়াছিল। ইহাতে লিখিত আছে বিজয়দেনের পুত্র
বল্লালদেন, তৎপুত্র লক্ষ্মণদেন, তৎপুত্র কেশবদেন বাৎসা
গোত্রসভূত ঈশ্বর দেবশর্মাকে তিনখানি গ্রাম প্রদান
করেন। উক্ত গ্রামত্রয় বীক্রমপুরান্তর্গত ছিল। এই দানপত্রের সময়ের নির্ণয় নাই, অথবা সন তারিখ যে স্থানে লেখা
ছিল, সেই স্থান বিনষ্ট হইয়া গিয়াছে। দানপত্রে কেশবদেন
প্রভৃতির জাতির উল্লেখ নাই। কিন্তু ইহারা সোমবংশোৎপন্ন,
লেখা আছে। শ্লোকগুলির এক স্থানে কেশবদেন আপনাকে
"সেনকুল ক্মলবিকাশভাষ্করঃ" উল্লেখ করিয়াছেন। প্

রাজদাহীর প্রস্তরান্ধিত শ্লোকে, চন্দ্রবংশোৎপন্ন বীর্মেন বংশে সামন্তদেন তৎপুত্র হেমন্তদেন তৎপুত্র বিজয়দেন, এই চারিজন নৃপতির নামোল্লেখ আছে। কিন্তু তাঁহারা কোন্ জাতি, এবং কোন সময়ে প্রান্তভূতি হইয়াছিলেন, এবং কোন্ কোন্ দেশ শাসন করিতেন, ইত্যাদি ঐতিহাসিক কোন ঘটনারই উল্লেখ নাই। উমাপতিধর এই শ্লোকগুলির রচয়িতা; তিনি অতিশয় অত্যুক্তি প্রিয় এবং বহুভাষী ছিলেন,

^{*} তাম শাসন এবং প্রস্তরফলকের বিশেষ বিবরণ ও প্রতিলিপি পরিশিষ্টে দৃষ্টবা।

[†] কেশবসেন প্রদত্ত তাম্রসাশন ভিন্ন অপর একখানি তাম্রসাশন বাধরগঞ্জে পাওরা গিরাছে। ইহাতে সেনবংশীয় কএক নৃপতির নামোরেখ আছে, বলালের পুত্র লক্ষণসেনের সময়ে এই তাম্রশাসন খোদিত হয়, এবং ইহাতে সেনবংশীয়েরা বৈদ্যজাতি স্পষ্ট উল্লেখ আছে। পরিশিষ্টে এই তাম্রশাসন পত্রের বিশেষ বিবরণ লিপিবন্ধ করা গেল।

"গীতপোবিন্দ" রচয়িতা জয়দেব স্পাফীভিধানে তাঁহার উপ-রোক দোষ নির্দেশ করিয়া গিয়াছেন 🗱। অতএব উমাপতিধর বৰ্ণিত অত্যুক্তিপূৰ্ণ ঘটনাবলী হইতে সত্য ভাগ অতি সাবধানতা সহকারে গ্রহণ করা কর্ত্তব্য। রাজেন্দ্র বাবু তাঁহার স্বরচিত প্রবন্ধে প্রস্তরাঙ্কিত শ্লোক সমূহের মন্তব্যে লিখিয়াছেন, " প্রস্তর খোদিত শ্লোকের ভাষা বিশুদ্ধ সংস্কৃত, কিন্তু রচনা সাতিশয় অত্যক্তি পূর্ণ। শ্লোকের রচয়িতা সামান্য তুলনায় সস্তুষ্ট নহেন, ভাঁহার কোন মন্দির বর্ণনার আবশ্যক হইলে তিনি তাহার বর্ণিত মন্দির-চূড়া সূর্য্যের গতি-রোধক না করিয়া থাকিতে পারেন না। তাঁহার বর্ণিত নুপতিগণ রামায়ণ ও মহাভারতের নায়কগণকে র্থাভিমানী এবং হঠাৎ অবতার বলিয়া তিরক্ষত করে, এবং তাহার যুদ্ধ-তরণীগুলি গঙ্গা সৈকতে ভগ্ন দশায় পাতিত হইয়াও চন্দ্ৰকে তির্ক্কত করে"। 🕆 রাজেন্দ্র বাবুর এই বর্ণনার ঐতিহাসিকমূল্য সম্বন্ধে লিখিয়াছেন—"এই সকল শ্লোকে তাঁহার (বিজয়সেনের) যশোবর্ণনে, সত্যু ঘটনারূপে গ্রহণ করা যাইতে পারে, এরূপ অল্পই আছে। তাঁহার রাজত্বকালের অব্দ লেখা নাই, তাঁহার জাতির নাম উল্লেখ নাই, এবং মন্দির যে স্থানে নির্ম্মিত হইয়। ছিল के द्यारनंत्र नाम निर्मिक कतिया (मध्या दय नारे। जिन

শ বাচঃ প্রবয়ত্যমাপতিষরঃ দল্ভ শুদ্ধিং গিরাং।
জানীতে জয়দেব এব শরণঃ প্লাব্যো ছয়ঽড়তে॥
শৃঙ্গারোত্তর সংপ্রমেয়বচনৈয়াচার্যাগোবর্জন।
শেল্পীকোহপি নবিশ্রতঃ শ্রুতিধরোধোয়ী কবিশ্বাপতিঃ॥

^{+ &}quot;On the Sena Rajas of Bengal" journal of the Asiatic Society Nos. III. 1865, Page 129.

আসাম দেশ, এবং চিক্কা ব্রদ ও মান্তাজের মধ্যবর্তী করমওল উপকূল আজমণ করিয়াছিলেন, এবং গঙ্গা-প্রথে পাশ্চাজ্য রাজাদিগকে পরাজয় মানদে রণতরি-রন্দ প্রেরণ করিয়াছিলেন, এ প্রকার লেখা হইয়াছে। কিন্তু ঐ সকল মুদ্ধ্যাত্রায় কি ফল লাভ হইল তদ্বিয়য়ে বাঙ্নিষ্পত্তি করেন নাই। শেষোল্লিখিত মুদ্ধ্যাত্রায় যে কোনরূপ ফল লাভ হয় নাই, এক প্রকার স্বীকার করাই হইয়াছে। যেহেতু মুদ্ধ্যাত্রার ঘটনা মধ্যে, গঙ্গা সৈকতে রণতরি ভগ্ন হইয়াছিল এই এক মাত্র বিষয় উল্লেখ করা হইয়াছে"। *

রাজেন্দ্র বাবু নিজেই স্বীকার করিয়াছেন রাজসাহীর প্রস্তর ফলকের ইতিহাস-মূল্য কিছুই নাই, এবং বীরসেন প্রভৃতি কোন্ জাতি স্পান্টাভিধানে তাহারও কোন উল্লেখ নাই। তিনি কেবল চন্দ্রবংশোৎপন্ন বলিয়া সেনবংশীয় নৃপতিদিগের ক্ষত্রিয়ন্ত্র সংস্থাপনে প্রয়াস পাইয়াছেন। এ সম্বন্ধে রাজেন্দ্র বাবু যে সিদ্ধান্ত করিয়াছেন তাহা নিম্নলিখিত তিন ভাগে বিভক্ত করা যাইতে পারে।

১ম। বীরসেন, সামস্তসেন, বিজয়সেন, এবং বল্লান ও লক্ষণসেন ও কেশবসেন প্রভৃতি সেনবংশীয় নৃপতিগণ চক্র-বংশোৎপন্ন, স্থতরাং ক্ষত্রিয় জাতি।

় ২য়। তাত্রশাসন-পত্তের উল্লিখিত বিজয়সেন এবং প্রস্তরাঙ্কিত শ্লোকে বর্ণিত বিজয়সেন এক ব্যক্তি, স্থতরাং

^{*} Vide journal of the Asiatic Society of Bengal No. 111. 1865 Page 130,

তাত্রশাসন ও প্রস্তরাঙ্কিত শ্লোকগুলি এক বংশকেই নির্দ্দেশ করিতেছে।

্রতম। বীরদেন আদিশ্রের নামান্তর মাত্র, বীরদেন বল্লা-লের পূর্ব্বপুরুষ এবং বংশপ্রবর্ত্তক।

প্রথম স্থাপনায় রাজেন্দ্রবাবুর মতে চন্দ্রবংশীয় মাত্রেই ক্ষত্রিয়। কিন্তু এতিহিরুদ্ধে যে সমস্ত প্রমাণ প্রাপ্ত হইয়াছি, তাহাতে চন্দ্রবংশীয় হইলেই যে ক্ষত্রিয় হইবে, এরপ সিদ্ধান্ত হইতে পারে না। চন্দ্র ও সূর্য্যবংশে, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্র, চারি বর্ণেরই উৎপত্তি পুরাণাদিতে বর্ণিত আছে। এক ব্যক্তির পুত্রগণ মধ্যে কেহ ব্রাহ্মণ, কেহ ক্ষত্রিয়, কেহ বৈশ্য, কেহবা শূদ্র হইয়াছেন। কোন কোন ক্ষত্রিয় যোগবলে ব্রাহ্মণত্ব প্রাপ্ত হইয়াছিলেন। অতএব চন্দ্রবংশীয় অথবা সূর্য্যবংশীয় মাত্র নির্দ্দেশ করিলে, জাতির নির্দেশ হইতে পারে না।

বিষ্ণুপ্রাণে চন্দ্রবংশীয় গৃৎসমদের বংশে চতুবর্ণ জাতির উৎপত্তির উল্লেখ আছে । বায়ুপুরাণে নিশ্চিত আছে বেণু-হোত্র এবং বৎস্য উভয়েই ক্ষত্রিয় জাতি, কিন্তু ইহাদিগের বংশে অনেক ব্রাহ্মণ ও ক্ষত্রিয় জন্ম গ্রহণ করিয়াছি-

^{*} পুরোগৃৎসমদস্যাসীৎ শুনকো বস্য শৌনকাঃ। রাহ্মণাঃ ক্ষতিয়াশ্চিব বৈশ্যাঃ শূলান্তথৈবচ। এতস্য বংশে সম্ভূতা বিচিত্তঃকর্মভিদ্ধিজঃ।

লেন *। ব্যাতি চক্রবংশে জন্মগ্রহণ করিয়াছিলেন। ব্যাতির পুত্র অঙ্গের বংশে অধিরথের জন্ম,অধিরথের পুত্রেরা চক্রবংশে উৎপন্ন হইয়াও সূতজাতি বলিয়া প্রসিদ্ধ; এবং এই বংশে মহাবীর কর্ণ প্রতিপালিত হইয়াছিলেন। প

চন্দ্রবংশে গর্গ হইতে শিনি জন্ম গ্রহণ করেন, তৎপুত্র গার্গ ক্ষত্রির হইয়াও ব্রাহ্মণ হইয়াছিলেন গ্রঃ। নাভাগোদিষ্টের পুত্রেরা বৈশ্য হইয়াছিলেন, কিন্তু নাভাগোদিষ্ট স্বয়ং সূর্য্য-বংশীয় ক্ষত্রিয়। ¶

ভরদ্বাজের 'পুত্র বিতথ, বিতথের পাঁচ পুত্র স্থহোত্র, স্থহোতার, গয়, গর্ম, এবং কপিল। কাশীক এবং গৃৎসমৎ

* বেণুহোত্রস্থত চাপি গার্গ্যেবিনাম বিশ্রুতঃ।
গার্গ্য গর্গভূমিস্ক বাৎস্য বংস্স্য ধীমতঃ।।
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া চৈব তয়োঃ পুত্রাঃ সুধার্ম্মিকাঃ।
বায়ুপুরাণ।

পূর্ব্বোক্ত প্রমাণদ্ব শ্রীযুক্ত বাবু শ্যামলাল মুন্সি প্রণীত "জাতিতত্ত্ব বিবেক" পুস্তক হইতে, প্রস্তাবলেথক কর্তৃক সক্কতজ্ঞ চিত্রে গৃহীত হইল। "জাতিত্তত্ব বিবেকগ্রন্থে" ভারতব্যীয় ভিন্ন ভিন্ন জাতিদিগের উৎপত্তির বিবরণ এবং উক্ত জাতি সমূহের ভিন্ন তিন্ন ব্যবসায় স্থচাক্ষরপে লিখিত আছে।

- † মহাভারতে কর্ণের বিবরণে দ্রষ্টবা।
- ‡ গৰ্গাচ্ছিনিস্ততোগাৰ্গঃ ক্ষত্ৰাদ্ব ক্ষত্ৰ বৰ্তত।

ভাগৰত ৯/২১/১৩

শ নাভাগেদিষ্টপুত্রোন্য কর্মণা বৈশ্যভাংগত।
ভলন্দন স্থতস্থা বংস্যপ্রীতির্ভলন্দনাং।
বংস্যপ্রীতেঃ স্থতঃ প্রাংশুন্তং প্রমিতিং বিতঃ।
খনিত্রঃ প্রমতেন্তর্মাচাকুষ্টেইও বিবিংশতিঃ।
বিবিংশতেঃ স্থতোরস্থ পনীনেত্রোহ্স্য ধার্মিকঃ।
কবন্ধনো মহারাজন্তস্যাসীদাত্মজো নৃপঃ।
ভাগ্যবিকিং স্তোবস্য মকতশ্চ এতর্বস্তাভ্থ।
ভাগ্যব ১০০১৬

নামে হংহাতারের ছই পুত্র জন্ম গ্রহণ করেন। গৃৎসমৎ হইতে ব্রাহ্মণ, ক্ষত্রিয় এবং বৈশ্যগণ জন্ম গ্রহণ করিয়া-ছিলেন। শ

হরিবংশ এবং ভাগবতাদি প্রাণোদ্ধৃত এই সকল শ্লোক বারা স্পান্টই উপলদ্ধি হয় যে, প্রাকালে এক ব্যক্তি হইতে ভিন্ন ভিন্ন জাতির উৎপত্তি হইয়াছে, এবং সূর্য্য ও চন্দ্রবংশে অনেক ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যগণ জন্ম গ্রহণ করিয়াছিলেন, তাঁহাদিগের সন্ততিগণ তৎপরকালে ভিন্ন ভিন্ন জাতি হইয়াও, চন্দ্র এবং সূর্য্যবংশোৎপন্ন বর্ণিত হইয়াছেন। অতএব সেনবংশীয় নূপতিগণ চন্দ্রবংশ হইতে উৎপন্ন কেবল ইহাই উল্লেখ থাকিলে তাঁহারা যে ক্ষত্রিয় জাতি, ইহা কোন রূপে নির্দ্ধারণ করিতে পারা যায় না। অতএব রাজেন্দ্র বাবুর প্রথম স্থাপনা ভ্রম পূর্ণ বলিয়া বোধ হইতেছে।

রাজসাহীর প্রস্তরকলকান্ধিত শ্লোক সমূহের কোনটীতেই, স্পান্টাভিধানে বারসেনবংশীয় নৃপতিদিগের জাতির উল্লেখ নাই। পঞ্চম শ্লোকে " সত্রক্ষক্ষত্রিয়ানামজনিক্লশিরদাম-সামস্তসেনঃ " এই চরণেও সামস্তসেনের ক্ষত্রিয়ত্ব স্পান্টাভি

[†] ততোথবিতথোনাম ভরদাজস্থতোহতবং।
ভতোথবিতথেজাতে ভরতস্তদিবংযথী ।
সচাপিবিতথঃ পুত্রান্ জনয়ামাসপঞ্চবৈ।
স্থাহোত্রঞ স্থাহোতারং গয়ং গর্গস্তথৈবচ।।
কপিলঞ্চ মহাম্মানং স্থাহোত্রস্য স্থতদয়ং।
কাশিকশ্চ মহাসম্বস্তথাগুৎসমতির্প।।
তথাগুৎসমতেঃ পুত্রাঃ ব্রহ্মণাঃ ক্ষবিয়াবিশঃ।

रतिवः म, जन्म खवः म वर्गता

^{*} রাজসাহীর প্রস্তরান্ধিত লোকের ৫ম শ্লোক দেখুন।

ধানে উল্লেখ নাই। প্রীযুত রাজেন্দ্র বাবু বীরদেনবংশীয়দিগের ক্ষত্রিয়ন্ত প্রতিপাদনের সাহায্যার্থে, এই চরণের যে
অনুবাদ করিয়াছেন, ঐ অনুবাদ আমরা বিশুদ্ধ বলিয়া স্থীকার
করিতে পারি না। তাঁহার অনুবাদানুসারে "সামন্তদেন
অনুচ্চ ক্ষত্রিয়বংশের মন্তক্মালা।" স্থতরাং " ব্রহ্মক্ষত্রিয়"
এক উচ্চ (অথবা মহৎ) ক্ষত্রিয় জাতি।

আমরা যতদূর অনুসন্ধান করিতে পারিয়াছি, তাহাতে, মন্নাদিপ্রণীত শাস্ত্রে " ব্রহ্মক্ষত্রিয় " নামে কোন জাতি, অথবা ক্ষত্রিয় জাতির কোন শ্রেণীবিশেষের উল্লেখ প্রাপ্ত হইলাম না। জাতিমালা গ্রন্থে ভারতবর্ষস্থ সমুদর জাতির নাম উল্লেখ আছে কিন্তু "ব্রহ্ম ক্ষত্রিয়" জাতির উল্লেখ নাই। আমরা দার্ রাজা রাধাকান্ত দেব বাহাতুর প্রণীত শব্দকল্পক্রস্ক্রম, অমর-কোষ, গোল্ড্ফুকর প্রণীত সংস্কৃত অভিধান এবং অন্যান্য কতিপয় অভিধান অনুসন্ধান করিয়া দেখিলাম কোথাও " ত্রহ্ম ক্ষত্রিয় " শব্দ প্রাপ্ত হইলাম না ; কিন্তু ক্ষত্রিয়, অম্বর্চ প্রভৃতি সকল জাতিবাচক শব্দই লিখিত আছে। "ব্ৰহ্ম ক্ষত্ৰিয়" নামে কোন জাতি থাকিলে, "ব্ৰহ্ম ক্ষত্ৰিয়" শব্দ অবশাই অভিধান সমূহে সন্নিবেশিত হইত। ক্ষত্রিয়ের। স্বীয় স্বীয় পূর্ব্ব পুরুষদিগের মর্য্যাদানুসারে খ্যাতি লাভ করিয়া থাকেন, যথা সূর্য্যবংশীয়, চব্দ্রবংশীয়, রাঠোরবংশায়, অগ্রিকুলবংশীয় ক্ষতিয়েরা সমধিক প্রসিদ্ধ। ইহাঁদিসের দ্বিতীয় প্রকার শ্রেণী-বিভাগ দাদশ দেশে বাসহেতু নিৰ্ণীত হইয়াছে, যথা—গোড়, শকদেনা, জীবান্ত ইত্যাদি। এই জেণী-বিভাগের মধ্যেও " ব্ৰহ্ম ক্ষত্ৰিয়" জাতি অথবা তদন্তৰ্গত কোন শাখা দৃষ্টি- গোঁচর হয় না। অতএব "ব্রহ্ম " অথবা "ব্রহ্মন্" শব্দ "ক্ষাত্রিয়" শব্দের সহিত সংযোজিত করিয়া, "ব্রহ্ম ক্ষাত্রিয় " শব্দ নিষ্পায় করত, অর্থ করিতে হইবে।

সংস্ত অভিধান অনুসারে ক্লীবলিঙ্গবাচক "ব্রহ্ম" শব্দের অর্থ বেদ, তত্ত্ব, তপ, ঈশ্বর ইত্যাদি। পৃংলিঙ্গবাচক "ব্রহ্মন্" শব্দের অর্থ—ব্রহ্মা, স্রস্টা, ব্রাহ্মণ ইত্যাদি *। কোন অভিধানেই "ব্রহ্মা" অথবা "ব্রহ্মন্" শব্দের অর্থ শ্রেষ্ঠ অথবা মহৎ প্রাপ্ত হইলাম না। অতএব রাজেন্দ্র বারু "ব্রহ্মক্ষত্রিয়" শব্দের অর্থ "প্রধান (অথবা প্রেষ্ঠ) ক্ষত্রিয়" যে লিথিয়াছেন, তাহা যথোচিত বোধ হইতেছে না। "ব্রহ্মা" অথবা "ব্রহ্মান্" শব্দের সহিত "ক্ষত্রিয়" শব্দ যোগে "ব্রহ্মা ক্ষত্রিয়" শব্দের নানাপ্রকার অর্থ করা যাইতে পারে, তত্মধ্যে যেটি আমাদিশের নিকট সঙ্গত বোধ হইল তাহা লেখা যাইতেছে।

যজুর্বেদে " ব্রহ্মক্তবং " শব্দের উল্লেখ আছে। টীকা-কার ইহার অর্থ " ব্রহ্মজ্ঞানং ক্ষত্রবীর্যাঞ্চ" লিখিয়াছেন ণ ।

^{*} বিহ্নান্ এবং ব্ৰহ্ম শব্দ দিতীয় সংস্করণ শব্দকর্জেমে অভিধানে ২৯২১ পূ, এবং ২৯০২ পূ, দুষ্ট্রা।

[া] ও ঝতসা ড্তধামগিগন্ধ সন্ইদংব্ৰহ্মক্ষ বং পাতৃ তথ্যৈ স্বাহাবাট্।
পশুপতিকৃতদশক্ষদীপিকায়াং বিবাহপ্ৰকরণে যজুর্বেদোদ্ত হোমমন্ত্রং।
অসা নিকা। ব্যাহিনিঃ গন্ধব্ৰূপণ তিমিন্ অগ্নে স্বাহাবাট্ যৎ স্বাহাকতং
তৎ স্থা ব্যহ্পপদান বহের্বিন্ কিন্তৃত ঝতাসাট্ সত্ত্যহুক্ত পুনঃ কিন্তৃতঃ
আত্রামা ঝতংসতং ধামঃ স্থানংযাস্য কিমর্থং স্থাহা ক্রিয়তে ইত্যাহ স নোহস্মাকং
ক্ষাং ব্রহ্মজানং ক্রেবিগ্রাঞ্ পাতৃ বৃক্ষতু ইত্যুগ্।

যজুর্বেদাক্ত অর্থ গ্রহণ করিলে, পঞ্চম স্লোকের * অন্যান্য চরণের ভাবেরও কোন পরিবর্ত্তন হয় না। যথা—

"বেকাক্ষত্রং" ব্রক্ষজানং ক্ষত্রবির্যঞ্চ (ব্রক্ষজান এবং ক্ষত্র বীর্য্য) ব্রক্ষকার সাধু, ইত্যর্থে ইয়, "ব্রক্ষকারিয়ঃ" (ব্রক্ষ-জ্ঞান এবং ক্ষত্রিয়তেজ সম্পন্ন ব্যক্তি) তেষামৃ "ব্রক্ষকারি-য়াণাম্ কুলশিরোদামঃ" অর্থাৎ ব্রক্ষজান এবং ক্ষত্রিয় তেজ সম্পন্ন ব্যক্তিদিগের কুলের শিরোভূষণ, অর্থ গ্রহণ করা যাইতে পারে।

এক্ষণে বিবেচ্য "দ ব্রক্ষক্রিয়ানামজনি কুলশিরোদাম
সামন্তনেনঃ" এই চরণে হেমন্তসেনের জাতিনির্দেশ হইতে
পারে কি না ? শাস্ত্রান্মদারে দ্বিজাতি মাত্রেরই বেদ এবং
সংস্কৃত সাহিত্য অধ্যয়নে অধিকার আছে। প্রাচীনকালে
ব্রাক্ষণ ভিন্ন দ্বিজাতিদিগের মধ্যে অনেকে বিদ্যাবলে ব্রাক্ষণ
সদৃশ ক্ষমতা লাভ করিয়া ছিলেন; এবং দ্রোণাচার্য্য প্রভৃতি
ব্রক্ষকুলে জন্ম গ্রহণ করিয়াও ক্রিয়-বীর্য্য-সম্পন্ন ছিলেন।
অতএব ভারতবর্ষের ভূপতিদিগের মধ্যে কেহ কেহ ক্ষত্রিয় না
হইলেও, তাঁহাদিগের ব্রক্ষতেজ এবং ক্রেবীর্য্য বিশিষ্ট হওয়া
অসম্ভব হইতে পারে না। স্থতরাং বিজয়সেনকে ব্রক্ষতেজ
এবং ক্ষত্রিয় পরাক্রম সম্পন্ন ব্যক্তিদিগের কুলত্রেষ্ঠ বর্ণনা
করাতে তাঁহার জাতির কোন উল্লেখ হইতেছে না। বোধ
হয় কবি সামন্তসেনকে পরাক্রমশালী নূপতিদিগের অগ্রগণ্য
মাত্র বলিলে, তদীয় আধ্যাত্মিক ব্রক্ষান্মরাণ উল্লেখ করা হইল

^{*} পরিশিষ্টে রাজসাহীর প্রস্তরান্ধিত শোকের পঞ্চম শোক দেখুন।

না, এ নিমিত্ত " ব্রহ্মক্ষতিয়ানাং কুলশিরোদামঃ" বিশেষণ প্রয়োগ করিয়াছেন। এই শ্লোকের পূর্বব চরণে, সামস্তদেন ব্রহ্মবাদী ছিলেন, স্পাই বলা হইয়াছে। শন্বম শ্লোকে সামস্তদেন যে অত্যন্ত বেদানুরাগী, এবং স্বধর্মনিরত ছিলেন, কবি বিশেষ রূপে তাহার উল্লেখ করিয়াছেন গ। যাহা হউক " ব্রহ্মক্ষতিয়ানাং কুলশিরোদামঃ" বিশেষণদারা দেনবংশীয়দিগের ক্ষতিয়ন্ত্ব নির্বিরোধে প্রতিপন্ন হইতেছে না।

রাজেন্দ্র বাবুর দ্বিতীয় স্থাপনা এই—প্রস্তরফলকথোদিত শ্লোকে যে বিজয়দেনের বর্ণনা আছে, উক্ত বিজয়দেন, এবং কেশবদেন প্রদত্ত তাত্রশাসন-পত্রে কেশবদেনের প্রপিতামহ বিজয়দেন এক ব্যক্তি, স্থতরাং বল্লাল বীরদেনের বংশধর। এই স্থাপনা সম্বন্ধে আমাদের বিশেষ বক্তব্য নাই। বল্লালের পিতা, ধীরদেন, অথবা বীরদেন নামান্তরে বিজয়দেন ভিন্ন, তাঁহার পিতামহ, প্রপিতামহাদির নাম আমরা আর কোন স্থলে প্রাপ্ত হই নাই। আমাদিগের দৃক্ত কুলজি প্রস্থ ভিন্ন অন্য কোন কুলজি পুস্তকে আছে কি না বলিতে পারি না।

তাত্রশাসনে বিজয়সেন, বল্লালসেন, লক্ষ্মণসেন ও কেশব-সেন, এবং প্রস্তরফলকে বীরসেন বংশীয় হেমন্তসেন, সামন্ত সেন এবং বিজয়সেন নামের উল্লেখ আছে। উভয় ফলকেই বিজয়সেনের নামোল্লেখ থাকাতে ইহারা সকলেই এক বংশীয়,

তিশ্বন্ সেনাশ্ববাবে প্রতিস্থভটশতোৎসাদনব্রস্ববাদী।
 স ব্রক্ষক্তিরানামন্ত্রনি কুলশিরোদাস সামন্তবেনঃ॥

৫ ম শোক

[।] পরিশিতে প্রস্তরাহিত শ্লোকের নবম শ্লোক (দুখুন)

আপাততঃ অন্তঃকরণে এবন্ধিধ প্রতীতির উদয় হয় বটে, কিন্তু উভয় ফলকের শ্লোকে বীরসেন প্রভৃতি, এবং বল্লাল প্রভৃতি কোন সময় জীবিত ছিলেন, লেখা নাই। এজন্য উপরোক্ত স্থাপনা নিঃসংশয় রূপে স্বীকার করা যাইতে পারে না। এক সময়ে ভিন্ন স্থানে এক নামে ছই নৃপতির স্বতন্ত্র স্বতন্ত্র বংশে বিদ্যমান থাকা, অথবা একদেশে স্বতন্ত্র সময়ে এক নামে ভিন্ন ভিন্ন বংশীয় নৃপতির বিদ্যমান থাকা অসম্ভব হইতে পারে না। যদিও বীরসেন এবং বল্লালসেন একবংশীয় স্বীকার করা যায়, তাহা হইলেও "চন্দ্রবংশোৎপন্ন" মাত্র লেখা থাকাতে সেনবংশীয়দিগের কোন প্রকার জাতির নির্দেশ হইতে পারে না।

রাজসাহীর প্রস্তরফলক এবং বাথরগঞ্জের তামুশাসনের কোন শ্লোকেই আদিশূরের নামোল্লেখ অথবা কোন প্রকার প্রসঙ্গ নাই। অতএব আদিশূর-সম্বন্ধে এতত্ত্তয় ফলকাঙ্কিত শ্লোক সাক্ষাৎসম্বন্ধে প্রমাণ বলিয়া গণ্য হইতে পারে না।

রাজেন্দ্র বাবু অনুমান করেন, বীরসেন আদিশ্রের নামান্তর মাত্র, আদিশ্রই বল্লালের পূর্ববপুরুষ। বীরসেন চন্দ্রবংশীয় ক্ষত্রিয়, বল্লাল এই বীরসেনের অধস্তন পুরুষ, এবং চন্দ্র-বংশাৎপন্ন হেতু ক্ষত্রিয় জাতি। এক্ষণে বীরসেনকে আদিশ্র বলিয়া নির্দ্ধারিত করিতে পারিলে, আদিশ্রের ক্ষত্তিয়ন্ত্র সহজেই প্রতিপাদিত হইতে পারে। এতন্দিবন্ধন বোধ হয় রাজেন্দ্র বাবু উক্ত প্রকার অনুমান করিয়াছেন। কিন্তু তাঁহার এই অনুমান সম্পূর্ণ অযৌক্তিক; এবং তিনি অদৌ এক মহৎদ্রমে পতিত হইয়াছেন। বল্লাল আদিশ্রের নিজকুলে জন্ম

গ্রহণ করেন নাই, তাঁহার কন্যাকুলে জন্ম গ্রহণ করিয়াছি-লেন; কুলজিগ্রন্থাবলিতে এই বিষয় স্পন্টাভিধানে লিখিত আছে *। রাজসাহীর প্রস্তরান্ধিত শ্লোকে, অথবা অন্য কোথাও আদিশূর ও বল্লাল এক বংশোৎপন্ন লেখা নাই। অতএব কুলজিগ্রন্থের বিরুদ্ধে কোন প্রমাণ বিদ্যমান না থাকায় কুলজি গ্রন্থের মতই যথার্থ বলিয়া স্বীকার করিতে হইবে। অনুমান দ্বারা পুস্তকের লিখিত প্রমাণ অপ্রামাণ্য হইতে পারে না।

প্রথমতঃ যদি বীরদেন, আদিশুরের নামান্তরমাত্র স্বীকার করা যায়; তাহা হইলে সামন্তদেন, হেমন্তদেন এবং বিজয় সেন আদিশুরের বংশোৎপন্ন স্থিরীকৃত হয়েন। অতএব কুলজিগ্রন্থের লিখিত আদিশূর ও বল্লালের কন্যাকুলগত সম্পর্ক রক্ষার্থ, বল্লালবংশীয় ভূপালদিগকে স্বতন্ত্র আদি পুরুষ হইতে উৎপন্ন স্বীকার করিতে হইবে। হাতরাং রাজসাহীর প্রস্তর ফলক, বর্ণিত বিজয়দেন এবং তামুফলকবর্ণিত বিজয়দেন এক ব্যক্তি অনুমান করা যাইতে পারে না। দ্বিতীয়তঃ বীরদেন বল্লালের পূর্ব্বপুরুষ স্বীকার করিলে, পূর্ব্বাক্ত কারণে আদিশূর এবং বীরদেন এক ব্যক্তি হইতে পারে না।

শাদিশ্রস্য নৃপতেঃ কন্যাক্লসমূত্বঃ।
বলালসেনো নৃপতিরজায়ত গুণোন্তমঃ॥
রাঢ়ায়াং গৌরবারেক্র বঙ্গগৌগুপবঙ্গকে।
অধিকারোভবেত্স্য বলবীর্যপ্রভাবতঃ।।
বারেক্রক্লপঞ্জিকা।

বৈদ্যকুলপঞ্জিকাতেও আদিশ্রের কন্যাকুলে বলাল জন্মগ্রহণ করিয়াছেন, লিখিক আছে।

যাহা হউক, রাজেন্দ্র বারু বীরদেনকেই আদিশ্র প্রতিপন্ন করিতে যত্ন করিয়াছেন। তাঁহার মতে "বীর"ও "শূর" শব্দ উভয়েই একার্থপ্রতিপাদক, "বীর" স্থানে প্রথমে "শূর" শব্দ পরিবর্ত্তন হইয়া, বীরদেন স্থানে শূরদেন হইয়াছে। তৎপরে বংশ প্রবর্ত্তন হেতু "আদি" শব্দবোগে "বীরদেন" স্থানে "আদিশূর" নাম সংঘটিত হইয়া জনসমাজে খ্যাত হইয়াছে।

"বীরদেন" পরিবর্ত্তে একবারে আদিশূর হওয়া নিতান্ত অসম্ভব এবং অযোক্তিক। কোন নাম এক ভাষা হইতে বিজাতীয় ভাষাতে লিখিত হইলে রূপান্তরিত হইতে পারে বটে, কিন্তু এক ভাষাতে "আদিশূর" স্থানে "বীরসেন" হইতে পারে না। নানা পুস্তকে আদিশুরের নাম উল্লেখ আছে, আদিশূর বঙ্গদেশে বেদবিৎ পঞ্চ ব্রাহ্মণ সংস্থাপন করিয়া অনন্ত কীর্ত্তি রাথিয়া গিয়াছেন। রাজসাহীর প্রস্তর ফলক বিজয়দেনের রাজত্বকালে খোদিত হইয়াছিল, এবং তন্মধ্যে যে দকল শ্লোক অঙ্কিত আছে তৎসমুদয় বিজয়-সেনের অভিপ্রায়ানুসারেই রচিত হইয়াছিল। এই সকল শ্লোকে আদিশ্রের নামোল্লেখ নাই, অথচ বীরসেনের সবিস্তার বর্ণনা আছে। আদিশূর এবং বীরসেন এক ব্যক্তির নামান্তর হইলে, রাজসাহীর প্রস্তারান্ধিত শ্লোকে বিজয়সূেন স্বীয় বংশ-পরিচয়ে আদিশূরের নামোল্লেথ করিতেন, এবং আপনাকে বীরদেন বংশোদ্ভব না বলিয়া আদিশূরবংশোৎপন্ন বর্ণনা করা শ্লাঘ্যতর বিবেচন। করিতেন। অখ্যাত নামে পিতৃপুরুষদিগের পরিচয় কেহই প্রদান করে না। এ প্রকার পরিচয় প্রদান

করাও সামাজিক রীতিবিরুদ্ধ এবং মানব-প্রবৃত্তির সম্পূর্ণ বিপরীত।

যদি বীরদেন যথার্থই আদিশূর হইতেন, তবে কবি অব-শ্যই ভাঁহার যশোবর্ণনসময়ে পঞ্জান্ধণের বঙ্গে সংস্থাপন রূপ প্রধান ঘটনার অবতারণা করিতেন। কবিকর্ত্তক এতবিষয়ে তৃষ্ণীস্তাব অবলম্বন, বীরসেন যে পঞ্চত্রাক্সণের আনয়িতা নহেন, তাহাই স্পষ্টাভিধানে প্রকাশ করিতেছে। রাজসাহীর প্রস্তরাঙ্কিত শ্লোকের চতুর্থ শ্লোকে বীরসেন দাক্ষিণাত্যের রাজা ছিলেন, লিখিত আছে। তদীয় বংশে সামন্তদেন জন্ম গ্রহণ করেন, তিনি কর্ণাট দেশ পরাজয় করিয়াছিলেন এবং বুদ্ধ বয়দে গঙ্গাতীরে তপস্বিগণ-পরি-বেষ্টিত হইয়া কালযাপন করিয়াছিলেন। পঞ্চন, ষষ্ঠ, সপ্তম, অফ্টম ও নবম শ্লোকে এই সকল ঘটন। বণিত আছে। অতএব বীরসেনের সহিত বঙ্গদেশের যে কোন প্রকার সংশ্রব ছিল না, তরিষয়ের আর অণুমাত্র সন্দেহ নাই। তিনি বঙ্গদেশের অধিপতি হইলে, তদীয় বর্ণনাত্মক শ্লোকে অবশ্যই বঙ্গদেশ-বিজয়বার্ত্তা লিখিত থাকিত। পরাশর-তন্য ব্যাসদেব বীরসেন প্রভৃতির যশোবর্ণন করিয়াছেন, চতুর্থ শ্লোকে ইহাও উল্লেখ আছে। বীরদেন এতন্নিবন্ধন ব্যাদের পূর্ব্ববর্তী অথবা সম-কালবর্ত্তী ছিলেন প্রকাশ পাইতেছে, আদিশুর খৃফীব্দ আরম্ভ হওয়ার পরে বঙ্গদেশে সাম্রাজ্য স্থাপন করেন। অতএব ব্যাদের সমকালিক বীরসেনকে আদিশুর নির্ণয় করা কোন রূপেই সঙ্গত বলিয়া বোধ হয় না।

ফলতঃ রাজসাহীর প্রস্তরফলক-খোদিত শ্লোকদারা আদি-

শ্রের ক্ষত্রিয়ত্ব অথবা অস্বষ্ঠত্ব প্রতিপাদিত হইতে পারে না ।
এবং ইহাতে আদিশূরবংশীয় কোন নৃপতির নামোল্লেথ
অথবা বর্ণনা নাই। স্থতরাং আদিশূর এবং বল্লাল, উভয়েই
তুই স্বতন্ত্র বংশে জন্ম গ্রহণ করিয়াছিলেন।

রাজেন্দ্র বাবু তৎপ্রদর্শিত প্রস্তরফলক ইত্যাদির প্রমাণ উল্লেখ পূর্ব্বক লিথিয়াছেন, "কুলাচার্য্যচাকুর-কৃত পঞ্জিকাতে আদিশূরকে ক্ষত্রিয় বংশের সূর্য্য (ক্ষত্রিয়বংশহংসঃ) বলিয়া বর্ণন করা হইয়াছে। বাখরগঞ্জ এবং রাজসাহী অঙ্কিত শ্লোকে সেনবংশীয় রাজগণ চন্দ্রবংশাবতংস অর্থাৎ চন্দ্রবংশীয় ক্ষত্রিয়দিগের সন্তান বলিয়া উল্লিখিত হইয়াছেন, রাজসাহীর প্রস্তরান্ধিত শোকে সামন্ত্রেনকে প্রধান ক্ষত্রিয়বংশ সকলের মস্তকমালা নির্দেশ করিতেছে। অতএব আধুনিক জন-প্রবাদ গ্রহণ করিয়া এই সকল প্রমাণ কথনই অগ্রাহ্য করা যাইতে পারে না, এবন্বিধ জনপ্রবাদ যে ভ্রমে উৎপন্ন হইল, তাহা নিরূপণ করাও কঠিন নহে। প্রাচীন সময়ে উত্তর পশ্চিমাঞ্চলে অম্বর্চ নামে এক ক্ষত্রিয়বংশ বাস করিত বিষ্ণুপুরাণে উত্তর পশ্চিমাঞ্চলীয় ভিন্ন ভিন্ন জাতির উল্লেখ স্থলে ঐ ক্ষত্রিয়দিগের উল্লেখ আছে (মদ্রাঃ রামান্তথামুষ্ঠাঃ পারসিকাদয়স্তথা) পাণিনি এক শব্দের ক্ষত্রিয় জাতি ও তাহাদিগের বাসস্থান-এই চুই প্রকার অর্থাত্মক শব্দের উদাহরণ স্থলে অম্বষ্ঠ শব্দের উল্লেখ করিয়াছেন। মহাভারতে ঐ শব্দ এক ক্ষত্রিয় জাতি এবং ক্ষত্রিয় রাজার নামবিশেষে ব্যবহার আছে, এবং মেদিনী, বিশ্বপ্রকাশ ও শব্দরত্বাকর व्यक्षके, वार्ष तम्भ विरमस्यत मः छ। উল্লেখ করিয়াছেন।

(গোল্ডফুকার-প্রণীত সংস্কৃত অভিধানে অন্বষ্ঠ শব্দ দেখ) দেন রাজারা ক্ষত্রিয় জাতির এই শাখাত্তর্গত হওয়াই সম্ভব এবং বঙ্গদেশে তৎপরবর্ত্তী প্রাক্ষণ এবং বৈশোৎপন্ন মনুক্র অম্বৰ্চ জাতি বলিয়া গোল হইয়া,তাহাদিগকে বৈদ্য জাতি গণ্য করা হইয়াছে। ভারতবর্ষে এই প্রকার নাম ও নামের অর্থের গোলমাল সাধারণতঃ ঘটিয়া থাকে। অতএব সেন রাজারা অযথার্থ রূপে শব্দার্থের পরিগ্রহ হেতু ক্ষত্রিয় জাতি হইতে মিশ্রিত জাতিতে যে অবনমিত হইবেন, তাহাতে কাহা-রই বিশ্মিত হওয়া উচিত নহে। আবুলফজেল আইন আক-বরিতে, এবং পিরি-তি ফেন্থেলার সেন রাজাদিগকে কায়স্থ নির্দেশ করিয়াছেন। ইহার কারণ এই, অদ্য পর্যান্ত উত্তর পশ্চিমাঞ্চলীয় অম্বৰ্চগণ কায়স্থ বলিয়া প্ৰদিদ্ধ। যদি এই সকল গ্রহণ না করা যায়, তবে জনপ্রবাদকে লিখিত প্রমাণের বিরুদ্ধে স্থাপন করিতে হয় *।"

আমরা রাজেন্দ্র বাবুর সেনবংশীয় ভূপালদিগের ক্ষত্রিয়ত্ব প্রতিপাদনার্থ প্রমান মধ্যে কুলাচার্য্য ঠাকুর কৃত কুলপঞ্জিকার প্রমাণ কতদূর প্রামাণ্য, তাহা নির্দেশ করিয়াছি; বাথরগঞ্জের তাত্রশাসন এবং রাজদাহীর প্রস্তরাঙ্কিত শ্লোকে যে সেনবংশীয় রাজাদিগের জাতির কোন উল্লেখ নাই, এবং চন্দ্রবংশীয় হইলেই যে ক্ষত্রিয় হয় না, তাহাও যথাদাব্য দেখাইয়ছি। অতএব সেন রাজাদিগের সম্বন্ধে দেশ প্রচলিত জনপ্রবাদ বিদ্যমান লিখিত প্রমাণের প্রায় সকলগুলির সহিত একত।

^{*} Vide "on the Sena Rajah of Bengal" J. A. S. of Bengal No. III. of 1865. Page 141.

অবলম্বন করিতেছে। স্থতরাং জনপ্রবাদ লিখিত প্রমাণের বিরোধী কি না, এই তর্কের মীমাংসা নিস্প্রয়োজন। তথাপি জনপ্রবাদ যে ভ্রমপূর্ণ, ইহা সংস্থাপন নিমিত্ত রাজেন্দ্র বাবু যে সকল কারণ প্রদর্শন করিয়াছেন, তৎসম্বন্ধে কতিপয় বিষয় উল্লেখ করিব; এবং সেনবংশীয় নৃপতিদিগের জাতি সম্বন্ধে জনপ্রবাদের যে উক্ত ভ্রম নিতান্ত অসম্ভব, তাহাও প্রমাণিত করিতে যত্ন করিব।

অম্বষ্ঠ শব্দ জাতিবাচক অর্থে কদাচ ক্ষত্রিয় বুঝায় না, মনু প্রভৃতি সংহিতাকারগণ স্পান্তাভিধানে নির্দেশ করিয়া গিয়াছেন।

> আক্ষাণাবৈশ্যকন্যায়ামস্বঠো নাম জায়তে। নিযাদঃ শৃত্তকন্যায়াংযঃ পারশব উচাতে॥ মহু ১০ অধ্যায় ৮ ম শ্লোক।

ব্রাহ্মণ হইতে বৈশ্যা গর্ভসম্ভূত জাতির নাম অম্বষ্ঠ এবং ব্রাহ্মণ হইতে শূদ্রকন্যার গর্ভ-সম্ভূত পারশব; যে জাতি নিষাদ বলিয়া বর্ণিত হইয়া থাকে।

> বৈশ্যায়াং ব্রাহ্মণাজ্জাতোহ্মটোহি মুনিস্ত্রম। ব্রাহ্মাণানাং চিকিৎসার্থং নিদ্দিষ্টো মুনিপুঙ্গবৈঃ।। প্রাশ্রঃ।

হে মুনিসত্তম! ত্রাহ্মণ হইতে বৈশ্যকন্যাতে জাত অম্বর্চ, ব্রাহ্মণদিগের চিকিৎসার্থ মুনিশ্রেষ্ঠ কর্ত্তক নিদ্দি ই হইয়াছে।

বিপ্রান্ম কাভিষিজ্ঞোহি ক্ষতিয়য়াং বিশস্তিয়াং।
অম্বর্চঃ শৃদ্র্যাং নিষাদে জাতঃ পারশবোহপিবা।।

যাজ্ঞবন্ধ্যঃ।

ু ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয়ার গর্ভজাত সন্তান মূর্দ্ধাভিষিক্ত, ব্রাহ্মণ

হইতে বৈশ্যার গর্ভ-সম্ভূত সন্তান অম্বর্চ, এবং ব্রাহ্মণ হইতে শূদ্রার গর্ভজাত সন্তান নিষাদ অথবা পারশব।

> বেদাজ্জাতো হি বৈদ্যঃ স্যাদম্বটো ব্রহ্মপুত্রক ইতি॥ শভাঃ।

ব্রাহ্মণ-পুত্র অম্বষ্ঠ বেদ হইতে জন্ম গ্রহণ করিয়াছে বলিয়া বৈদ্য নামে অভিহিত। মনু পরাশর যাজ্ঞবল্ক্য প্রভৃতি শাস্ত্রকারগণ অম্বষ্ঠ জাতি বৈশ্যাগর্ভ-সমুৎপন্ন ত্রাহ্মণ সন্তান নিদ্দেশ করিয়াছেন, অম্বষ্ঠ কদাচই ক্ষত্রিয় হইতে পারে না। আদৌ চারিবর্ণের স্কলন হইয়াছিল, এই চারি বর্ণের

> বাহ্মণ ক্ষত্রিয়ো বৈশ্যস্ত্রো বর্ণাদিজাতয়ঃ। চতুর্থ এক জাতিস্ত শৃদ্রো নাস্থিতু পঞ্চনঃ॥

> > ১০।৪ মন্ত্র।

ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য এই তিন বর্ণ বিজ্ঞাতি এবং চতুর্থ শূদ্র, ইহা ভিন্ন আর পঞ্চম বর্ণ নাই।

ক্ষত্রিয় আদিম বর্ণ সংকরণ অম্বর্চ নামে কদাপি অভিহিত হইতে পারে না। মেদিনী, শব্দার্থ রত্মাকর, অমরকোষ শব্দ-কল্পদ্রুম প্রভৃতি অভিধান সমূহে অম্বর্চ অর্থে ব্রাহ্মণ হইতে বৈশ্যা সম্ভূত জাতি। এবং অম্বর্চ নামে এক দেশ লিথিত আছে, অম্বর্চ নামে কোন ক্ষত্রিয়জাতি কৈয়া ক্ষত্রিয় বংশের উল্লেখ নাই।

রাজেন্দ্র বাবু বিষ্ণুপুরাণ হইতে "মদ্র। রামান্তথাষঠা পার-সিকাদয়স্তথা" এই শ্লোকার্দ্ধ উদ্বুত করিয়া, অষঠ নামে ক্ষত্রিয় জাতির উত্তরপশ্চিমাঞ্চলে বিদ্যমান থাকার প্রমাণ প্রদর্শন করিয়াছেন। কিন্তু বিষ্ণুপুরাণে দ্বিতীয় অংশের তৃতীয় অধ্যায়ে "দৌবীরাঃ দৈন্ধবাছুন। শালাঃ শাকলবাসিনঃ।
মদ্রা রামান্তথান্বর্ছা পারসিকাদয়ন্তথা।।" এই শ্লোক প্রাপ্ত
হওয়া যায়, কিন্তু এই শ্লোকের এবং তৎপূর্বব শ্লোকগুলিতে
মদ্রারামা প্রভৃতিরা ক্ষত্রিয় বলিয়া কোন স্থলে উল্লেখ নাই।

विकु भूतागम्।

দ্বিতীয়াংশঃ, তৃতীয়ে। ইব্যারঃ।

পরাশর: উবাচ।

উত্তরং यং সমুদ্রদ্য হিমাদ্রেটেশ্চব দক্ষিণম। বর্ষং তদ ভারতং নাম ভারতী যত্র সম্ভতি:।। নব যোজন সহস্রো বিস্তারোহস্য মহামুনে:। কশ্বভূমিরিয়ং স্বর্গমপ্রর্গঞ্চ গছত্তাম্।। মহেক্রো মলয়ঃ সহাঃশুক্তিমান ঋকপর্বতঃ। বিশ্বাশ্চ পরিপাত্রশ্চ সপ্তাত্র কুলপর্মতা:।। অতঃ সম্প্রাপ্যতে স্বর্গো মুক্তিয়ম্মাৎ প্রয়াস্তি বৈ ৷ তির্যাক্তং নরকঞাপি যান্ত্যতঃ পুরুষামূনে॥ ইতঃ স্বৰ্গঞ্চ মোক্ষঞ্চ মধ্যশ্চান্তাচ গণ্যতে। ন খৰ্মাত্ৰ মৰ্ত্যানাং কৰ্ম্মভূমৌ বিধীয়তে।। ভারতস্যাস্য বর্ষস্য নবভেদান নিশাময়। ইক্রদীপ কশেকমান্ তামবর্গো গভন্তিমান্॥ नागदीপख्या সৌমোগमंद्रवस्थवाकृतः। অরম্ভ নবমন্তেষাং দ্বীপঃনাগরসংবৃত:।। যোজনানাং সহস্তম্ভ দীপোঅরং দক্ষিণোভর ৮ পূর্বে কিরাতা যস্যস্থাঃ পশ্চিমে যবনাস্থিতাঃ।। ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশা। মধ্যে শুদ্রান্চ ভাগশঃ। देजायुक्तविज्ञारेनाक्वर्षप्रस्था वावश्चिः॥ শতক্র চক্তভাগাল্যা হিম্বংপাদনির্গতাং ৷ বেদস্মতিমুথাদ্যাশ্চ পরিপাদ্রোৎভবামুনে।। নশ্বদাস্তরদাদ্যান্ড নদ্যো বিশ্বাজিনির্গতাঃ। তাগীপয়োফী নিৰ্কিক্ষাপ্ৰমুগা ঋক্ষসন্তবা:॥. लामावती जीमतथी क्रकट्टामिकाछथ।। >। সহাপাদোদ্ভবানদ্য: স্বতাঃ পাপভ্রাপহাঃ। ২। কুত্ৰালাভাত্ৰপণী-প্ৰমুখামলয়েছবাঃ॥

বিষ্ণুরাণে এই সকল জাতির সম্বন্ধে লেখা আছে যে
নর্মদা ও শ্রদাধ্যা নদীঘ্রের সামিধ্যে, সোরীর, সৈদ্ধ্যব, হূন,
শাল্প, সাকলবাসী, মদ্র, আরাম, অম্বর্চ, এবং পারসিক জাতিরা
বাস করিত; এবং উক্ত নদীঘ্রের জল পান করিত। মহাভারতাদি প্রস্থে এবং অন্যান্য পুরাণে এই সকল নামে দেশ
সকলেরও উল্লেখ আছে। যে প্রকার বঙ্গবাসীদিগকে "বঙ্গাঃ"
এবং মগধ দেশবাসীদিগকে "মগধাঃ" বলা যায়, তদ্রুপ
মদ্র আরাম, এবং অম্বর্চ দেশের অধিবাসিদিগকে সংস্কৃতে
"মদ্রাঃ" "আরামাঃ " "অম্বর্চাঃ" বলা যাইতে পারে।

বিষ্ণুপ্রাণে মদ্র আরাম এবং অম্বর্চেরা কোন্ বর্ণ উল্লেখ নাই। এই সকল দেশে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য এবং শৃদ্র প্রভৃতি সকল জ্ঞাতির বাস থাকা সম্ভব। কেবল মাত্র ক্ষত্রিয় জাতি-

ত্রিসামানার্যাকুল্যাদ্যা মহেক্সপ্রভাবাঃ শ্বতাঃ।
ঋষিকুল্যা কুমার্যাদ্যা শুক্তিমৎ পাদ সন্তবাঃ।
আসাং নত্যপনদাশ্চ সন্তন্যাশ্চ সহস্রশ্বঃ।
ভাষিমে কুরুপাঞ্চালা মধ্যদেশাদয়োজনাঃ॥
পূর্ত্বদেশাদিকাশ্বৈচব কামরূপনিবাসিনঃ।
পূণ্ডাকলিঙ্গা মগ্রা দাক্ষিণাত্যাশ্চ সর্ব্বশিঃ॥ ৬॥
তথা পরাস্তা সৌরাষ্ট্রাঃ শ্রাভীরান্তথার্কৃ দাঃ।
কার্যা মালবাশ্বেচব পরিপাত্র নিবাসিনঃ॥
সৌবীরাঃ সৈন্ধবা হুনাঃ শাখাঃ শাকলবাসীনঃ।
মজারামান্তম্ব্রুটা পারসীকাদয়স্তথা।।
আসাং পিরস্তি সলিলং বসন্তি স্বিতাং সদা।
সমীপতোমহাভাগা ক্টপুইজনাকুলাঃ॥

উলিখিত শ্লোকগুলি প্রীযুক্ত বরদাপ্রসাদ মজুমদার কর্তৃক প্রকাশিত বিষ্ণুপ্রাণ হইতে গৃহীত হইল। উপরোক্ত শ্লোকে, মধ্যে মধ্যে পাঠান্তর ভিন্ন পুস্তকে দৃষ্ট হয়। বরদা বাবু কর্তৃক প্রকাশিত বিষ্ণুপ্রাণে ঐ সকল ভিন্ন পাঠ লেখা আছে। ভিন্ন পাঠের কোনটা দারাই অষ্ঠ জাতি ক্ষতিয় এ প্রকার ভাবো-দার হয় না।

ই যে ঐ সকল দেশে বাস করিত বিষ্ণুপ্রাণে ইহা নির্ণীত নাই। অতএব রাজেন্দ্রবার "মদারামান্তথাম্বন্ঠাপারসীকা-দয়ন্তথা" এই বচনদারা, অন্বর্গ্ন নামে ক্ষত্রিরবংশ অথবা ক্ষত্রির জাতির বিদ্যোন থাকা, কি প্রকারে বিষ্ণুপ্রাণ হইতে প্রতিপন্ন করিতে চাহেন বলিতে পারিনা।

"দেনরাজা" প্রবন্ধের ১৪১ পৃষ্ঠায় লিখিত আছে যে, মহাভারতে অম্বষ্ঠ নামে এক ক্ষত্রিয়জাতি এবং ক্ষত্রিয় রাজার নামোল্লেখ আছে। কিন্তু মহাভারতের কোন্ পর্বের কোন অধাায়ে এরূপ উল্লেখ আছে তাহা নিদ্দি ফ না থাকা হেতু, আমরা অম্বষ্ঠ শব্দের উক্তরূপ ব্যবহার বহু অমুসন্ধানেও, মহাভারত হইতে বাহির করিতে পারিলাম না। সভাপর্বাভিত্তি দিগ্রিজয় পর্বাধ্যায়ে লিখিত আছে, পাণ্ডু-মন্দ্রন নকুল দশার্ণদিগকে পরাজয় করিয়া শিবি, ত্রিগর্ত্ত, অম্বষ্ঠ এবং পঞ্চক্র্য উদিগকে পরাজয় করিয়াছিলেন । উক্ত পর্বান্তর্গত দ্যুত পর্বাধ্যায়েও অম্বষ্ঠদিগের উল্লেখ আছে। কিন্তু ইহারা ক্ষত্রিয়, কি কোন জাতি কিছুই উল্লেখ নাই ণ। যাহা হউক মনুর

শ শৌরীবকং মাহেথ্যঞ্জ বশেচক্রে মহাত্যতিঃ।
আক্রোশকৈর রাজ্বিং তেন যুদ্ধভূনহং।
তান্দশার্ণন্স জিলা চ প্রতন্তে পাণ্ডুনন্দঃ।
শিবীংস্তিগর্জান্ অছ্ঠান্ নালবান্ পঞ্চক্র টান্।
তথা মধামকেয়াংশচ বাটধানান্ বিজ্ঞানম্
শুন পরিবৃত্যাথ পুস্করারণ্য বাসিনম্।
মহাভারত সভাপ্র দিগ্রিষ প্রাধান্ত্র।

[†] অষ্ঠাঃ কৌক্রান্তাক্ষ্যা বস্ত্রপা পল্লবৈঃসহ। বশাতরক্ষ মৌলেয়াঃ সহ কৃত্রক্ষালবৈঃ॥ দুনত্তপ্রবিধ্যায় ৫১ শ্লোক মহারত সভাপর্ক।

মত বিরুদ্ধে "অম্বর্ত্ত" এবং "ক্ষত্রিয়" শব্দ এক জাতির নামা-ন্তররূপে ব্যবহার থাকা কতদূর সম্ভব বলিতে পারি না। মহা-ভারতে এরূপ ব্যবহার থাকিলে অভিধানেও অম্বর্ত্ত অর্থে ক্ষত্রিয় জাতি উল্লেখ থাকিত।

পানিনি ব্যাকরণের # ৪।১।১৭১ সূত্র এই "র্দ্ধেৎ কোসলাজাদাঞ্ঞাঙ ।" পতঞ্জলি অপত্যথে গুঞ্ প্রত্যয়ের উদাহরণ স্থলে অম্বর্চ শব্দের উল্লেখ করিয়াছেন। মহাভাষ্যে অম্বর্চ শব্দের এতন্তির আর কোন প্রসঙ্গ নাথাকা হেতু, আমরা ভট্টোজিদীক্ষিতপ্রণীত সিদ্ধান্ত কৌমুদী এবং কৈয়েট টীকা অনুসন্ধান করিয়া দেখিলাম, কোথাও অম্বর্চ শব্দ অর্থে ক্ষত্রিয় জাতি অথবা অম্বর্চ নামে দেশ প্রাপ্ত হইলাম না ণ । অম্বর্চ শব্দ ক্যোন পৃস্তকে লিখিত থাকিলেই যে উক্ত শব্দের অর্থ ক্ষত্রিয় লেখা আছে, স্থির করা উচিত নহে। রাজেন্দ্রবারু বিষ্ণুপুরাণের প্রমাণে যে প্রকার ভ্রমে পতিত ইইয়াছেন, বোধ

এই পুত্তকের ৩৭ পৃষ্ঠা দেখুন।
 † বৃদ্ধেৎ কোসলাজাদাঞ্ক্রাঙ্।
 পাণিনি ৪।১।১৭১

ষ্পনঃ ঞাঙ্ণা ইঙ্ইত্যেতে ভবন্তি বিপ্রতিষেধন। অণোহ্বকাশঃ। আঙ্গঃ বাঙ্গঃ। ঞাঙোইবকাশঃ। অন্বঠঃ।

শৌবীর্যা। ইঞোহবকাশঃ আন্ধমাটিঃ। পাণিনি মহাভাষা।

যুবরাজ "আলবার্ট এডোয়ার্ড প্রদত্ত, এসিয়াটিক সোসাইটির পুস্তক ১২২৫ পৃষ্ঠা।

পাণিনি ৪।১।১৭১ স্ত্রের উদাহবণে ভট্টজি দীক্ষিত নিম্ন লিখিত উদাহরণ প্রদান করিয়াছেন। " বৃদ্ধাৎ। আষষ্ঠাঃ সৌধীর্যাঃ। ইং। আবস্তাঃ। কৌস্ল্যঃ অজ্ঞাদস্যাত্যপাম্ আজাদ্যঃ। ''

দিক্ষাস্ত কৌমুদী।

হয় পাণিনির ৪া১া১৭১ সূত্র উল্লেখেও তদ্রুপ ভ্রমপ্রমাদে পতিত হইয়া থাকিবেন।

व्याठीनकाटन अश्वर्ष नात्य এक दिन नर्धनानित मातिरधा বিদ্যমান ছিল, তাহার সন্দেহ নাই। অম্বর্জাদি দেশে নানা বর্ণেরই বাস ছিল; এবং তাহার৷ স্বীয় বর্ণাসুসারে অম্বষ্ঠা ব্রহ্মণাঃ, অম্বর্চ-ক্ষত্রিয়াঃ, বা অম্বর্চা-শূদ্রাঃ বলিয়া অভিহিত হইত। পশ্চিমাঞ্জীয় ব্রাহ্মণদিগের মধ্যে দেশভেদে গোড়ীয়, সারস্বত, মাথুর প্রভৃতি বিভাগ আছে। বঙ্গদেশস্থ ব্রাহ্মণ বৈদ্য, ও কায়স্থগণ মধ্যে রাঢ়ী ও বারেন্দ্র প্রভৃতি শ্রেণী বিভাগ আছে। ব্রাহ্মণগণ স্বীয় স্বীয় পরিচয় স্থলে গোঁড় বা সারস্বত ব্রাহ্মণ, এবং বঙ্গদেশবাদী হইলে, রাঢ়ী অথবা বারেন্দ্র ব্রাহ্মণ, উল্লেখ করিয়া পরিচয় প্রদান করেন। তদ্রপ অম্বর্গদেশ-বাসিগণ পরিচয় প্রদানকালে কেবল " অম্বর্চন্তাক্ষণ " অথবা ''অম্বৰ্ঠক্ষত্ৰিয়'' না বলিয়া, কেবল ''অম্বৰ্ছ'' বলিলে তাহা-দিগের বর্ণের নিরাকরণ হইতে পারে না। যদি বঙ্গদেশবাসী क्ट वापनारक ताढ़ीय व्यथता वारतस्त वनिया উল्लেখ करतन, তবে তিনি রাচু অথবা বারেক্রদেশবাসী জানিতে পারিলাম। কিন্তু তিনি ব্রাহ্মণ, বৈদ্য, কি শূদ্র কিছুই জানিতে পারা গেল ना। তদ্রপ " অম্বষ্ঠ " বলিলে অম্বষ্ঠদেশবাদী বুঝাইবে, অথবা অন্বৰ্গ জাতি নিৰ্দেশ হইবে।

পূর্বে যে সকল বিষয় উল্লেখ করা গেল, তাহা হইতে তিনটী স্থাপনার উদ্ভাবন করা ঘাইতে পারে।

ঁ ১ম। অম্বর্চ শব্দ জাতিবাচকার্থে নিরন্তর বৈশ্যাগর্ভ-সমুৎপন্ন বৈদ্যজাতি বুঝাইবে। ২য় ৷ অস্বষ্ঠ নামে এক প্রদেশ ভারতবর্ষে বিদ্যমান ছিল, তদ্দেশবাদিদিগকে অস্বষ্ঠ কহিত

থয়। অষষ্ঠ ও ক্ষত্রিয় একার্থ প্রতিপাদক শব্দ নহে, ক্ষত্রিয় শব্দের পরিবর্ত্তে অষষ্ঠ শব্দের ব্যবহার কোথায়ও দৃষ্ট হয় না। সংস্কৃত কোন অভিধানেই অষষ্ঠ ও ক্ষত্রিয় এক জাতিবাচক উল্লেখ নাই। স্থতরাং ব্রাহ্মণ বলিলে যেরূপ ব্রাহ্মণ ভিন্ন অন্য জাতি বুঝায় না, তদ্রূপ অষষ্ঠ ভিন্ন অন্য কোন জাতি বুঝায় না,

একণে দেখিতে হইবে,আদিশূর অথবা সেনবংশীয় নূপতিগণ সম্বন্ধে জনপ্রবাদ ভ্রমপূর্ণ সম্ভব কি না ? আদিশূর বঙ্গদেশ বিজয় করিয়া স্বীয় সাড্রাজ্য স্থাপন করিলে, তদীয় প্রজাপুঞ্জের সকলেই তাঁহার আভিজাত্য এবং জাতিপরিচয় জানিতে কোতৃহলাক্রান্ত হইয়াছিল সন্দেহ নাই। যদি আদিশূর আপনাকে ক্ষত্রিয়জাতি উল্লেখ করিতেন, তবে তাহার জাতি সম্বন্ধে কিম্বদন্তীও তদমু্যায়ী হইত। ক্ষত্রিয়জাতি স্পাইতঃ নির্দেশ করিলে তাহাকে কেহই অম্বন্ঠ বলিতে সাহসী হইত না।

আদিশ্র ও দেনবংশীয় নৃপতিগণ যে অম্বর্চদেশবাদী ইহার কোন প্রমাণ কোন স্থানে প্রাপ্ত হওয়া যায় না, তথাপি রাজেন্দ্রবাবুর অনুমানই যেন স্বীকার করিলাম। আদিশ্র বঙ্গদেশ বিজয়ের পর নিজের জাতি নির্দেশ না করিয়া, কেবল অম্বর্চ বলিয়া পরিচয় প্রদান করিলে, সাধারণ লোকে তাঁহাকে অম্বর্চ (অর্থাৎ বৈদ্যজাতীয়) নির্দেশ করিল। কিন্তু যাঁহারা বিষ্ণুপুরাণ পাঠধারা, অথবা অন্যান্য প্রকারে অম্বর্চ নামে প্রদেশ

বিদ্যমান থাকা অবগত ছিলেন, তাঁহারা এই পরিচয়ে কথনই সস্তুষ্ট হন নাই। আদিশুর অম্বর্গদেশবাসী এই মাত্র তাঁহা-দিপের জ্ঞান হইল, তিনি কোন জাতি, সন্দেহ রহিয়া গেল। আদিশূর বঙ্গবিজ্ঞায়ের কতিপয় বৎসর পরেই কাণ্যকুজ্ঞ হইতে পঞ্চত্রাহ্মণ আনয়ন পূর্বক এক মহা যজ্ঞ সম্পন্ন করেন, এই যজ্ঞ উপলক্ষে তাঁহার গোত্র ও জাতির অবশ্যই পরিচয় হইয়াছিল, স্কুতরাং কাণ্যকুজাগত পঞ্জাক্ষণ এবং তাঁহাদিগের সন্তানগণ মধ্যে আদিশূরের জাতি সম্বন্ধে কোন সন্দেহ অথবা ভ্রম হইতে পারে নাই। তবে যদি কেছ আপত্তি করেন যে, দেশীয় অন্যান্য লোক তংকালে আদিশূর কোন জাতি ছিলেন না জানিলেও জানিতে পারেন; কিন্তু আদিশুরের রাজ্যারম্ভ অবধি তাঁহার বংশে একাদশ জন এবং সেনবংশীয় শয় জন ভূপাল বঙ্গদেশে প্রায় সাত আট শত বৎসর রাজত্ব করিয়া-ছিলেন। ইহাদিগের স্ব জাতীয় বহুতর ব্যক্তিও বঙ্গদেশে বিদ্যমান ছিলেন। অতএব এই সকল রাজাদিগের এবং তাঁহাদিগের আত্মীয়দিগের প্রত্যেকের নিতানৈমিত্তিক কার্য্যে, এবং অশৌচ গ্রহণে তাহাদিগের জাতি জনসাধারণে জানিতে পারিয়াছে। বিশেষতঃ আদ্ধাদি এবং মন্দিরসংস্থাপনাদি কার্য্যে, দেশীয় ত্রাক্ষণগণ নিমন্ত্রিত ও দান গ্রহণ করিয়াছেন, ইহাতেও দেশমধ্যে সকলের এই নৃপতিবংশের জাতিসম্বন্ধে যে কোন প্রকার ভ্রমই প্রথমে থাকুক না, পরিশেষে সম্পূর্ণ-রূপে ও নিঃসন্দেহরূপে নিরাকরণ হইয়াছে, আদিশূর কেবল অষষ্ঠ পরিচয় দিলেও তিনি ক্ষত্রিয় কি অম্বর্গ দকলে অবগত হইয়াছে এবং কিম্বদন্তীও তদমুসারে প্রবল হইয়া আসিতেছে।

यानिमृत स्वाः कवित्र स्ट्रेल क्यन्टे यानमार्क व्यक्ष বলিয়া পরিচয় দিতেন না। উচ্চ জাতীয় বাক্তি তদপেক। নাচ হইতে ইচ্ছা করে না। এবং ইহারা ক্ষত্রিয় সত্তে অমষ্ঠ জাতি বলিয়া জনসমাজে প্রথমে পরিজ্ঞাত হইয়া থাকিলে, আদিশুর কি তাহার অধস্তন পুরুষগণ অবশ্যই সীয় জাতি মহত্ত অব্যাহত রাথিবার নিমিত্ত ভ্রমাত্মক জনরব উন্মালন করিবার চেষ্টা করিতেন, এবং চেষ্টা করিলে অবশ্যই উন্মলন করিতে পারিতেন। ভবিষ্যতে তাঁহাদিগের জাতি-সম্বন্ধৈ পুনরায় এবম্বিধ ভ্রমের আশঙ্কা স্বভাবতঃই উদয় হইত, ত্রিমিভ্রানাম্বানে জাতির পরিচয় যাহাতে স্থিরতর থাকে তাহার বিধান করিতেন। কিন্তু যে সকল প্রস্তরান্ধিত ও তাত্র-ফলক-ঘটিত লিখিত প্রমাণ বিদ্যমান আছে, তাহার কোনটাতেই আপনাদিগের জাতির বিষয় উল্লেখ করিয়া যান নাই, ইহাতেই বোধ হয় যে আদিশুর ও সেনবংশীয় নৃপতি-দিগের সময়ে তাহাদিগের জাতি লইয়া কোন গোল হয় নাই। সেনবংশীয়দিগের হস্ত হইতে বঙ্গরাজ্য মুসলমানদিগের অধী-নতা স্বীকার করে, প্রচলিত কুলজি গ্রন্থ সকল তৎপূর্বে সময় হইতেই প্রচলিত ছিল, এই সকল কুলজি গ্রন্থে একবাক্যে আদিশূরও বল্লাল অম্বষ্ঠ জাতি অথবা বৈদ্যজাতি স্পাফীভিধানে নির্দেশিত আছে, কিম্বদন্তীর সহিত কুলজিগ্রন্থোলিথিতের কোন প্রকার বৈষম্য নাই, এবং রাজসাহীর প্রস্তর ফলক এবং বাধরণঞ্জের ভাত্রফলকান্ধিত শোকেও ইহারা ক্ষত্রিয় জাতি উল্লেখ নাই। অতএব আদিশ্র এবং বল্লাল সম্বন্ধে किश्वषञ्जी त्कान श्रकारत्रहे स्वयपूर्व हहेरे भारत ना।

সেনবংশীয় ভূপালদিগের ক্তিরত্ব প্রতিপাদনার্থ প্রীযুক্ত রায় রাজেন্দ্র লাল মিত্র বাছাছুর যে সকল প্রমাণ প্রদর্শন করি-য়াছেন, একৈ একে তৎসমুদায়ের যথাসাধ্য সমালোচনা করি-याहि। अ नकल ध्रमानवरल जानिमृत अवर रमनवर नीम्निए भत ক্ষত্রিয়হ কতদূর সংস্থাপন হইতে পারে, সহজেই উপলব্ধি হইবে। পক্ষান্তরে আদিশূর ও সেনবংশীয় ভূপতিগণ যে বৈদ্য জাতি হইতে উৎপন্ধ এবং ক্ষত্রিয় নহেন, তাহার বিশেষ প্রমাণ বিদ্যমান আছে। এই সকল প্রমাণ ক্রমে উল্লেখ করা যাইতেছে:

১ম। কুলপঞ্জিকা লেখকগণ একবাক্যে সেনবংশীক্ষ নুপতি-मिशरक रेवना अथवा अचर्छ **कां**जि निर्फ्तिंग कतिया शिवारहन। কুলপঞ্জিকা হইতে ইতঃপূর্বে যে সকল প্রমাণ উদ্ধৃত করা হইয়াছে, তাহাতেই কুলাচার্য্যগণের মত পরিজ্ঞাত হইবে। অতএব ঐ সকল প্রমাণের পুনরুদ্ধেখ নিপ্রায়োজন। এক্ষণে দেখিতে হইবে, কুলপ্ঞিকা-লেখক দিগের মত প্রামাণ্য কিনা? এ প্রশ্নের বিচার সময়ে কেছ আপত্তি করিতে পারেন যে, কুলপঞ্জিকা সকল আধুনিক গ্রন্থ, এবং সেনবংশীয় নৃপতিদিগের রাজত্ব অবসানে তাহাদিগের সকল প্রকার চিহ্ন এবং ইতিহাদের বিলোপ হেছু, গ্রন্থকারগণ নেনবংশীয়দিগের জাতি নিশ্চয় করিতে পারেন নাই; অসুমান দারা, অথবা তৎকালের সাধারণ ভ্রমে পতিত হইয়া, অস্বষ্ঠ জাতি লিখিয়াছেন; অতএব কুলপঞ্জিকার মত প্রামাণ্য নছে। এব্যিধ তর্কের মূল কিছুই নাই, কুলপঞ্জিকা মাজেই আধুনিক

গ্রন্থ নহে, বরং কতিপয় কুলপঞ্জিকা যে অতি প্রাচীন তৎসম্বন্ধে ধৈধ মত নাই। বারেন্দ্র-শ্রেণী ব্রাক্ষাণদিগের কুলপঞ্জিকা অতি প্রাচীন কাল হইতেই লিখিত হইয়া আসিতেছে,
বৈদ্যদিগের কুলপঞ্জিকাও তদ্রপ। দেবীবর ফুর্ত কুলজিগ্রন্থ
কোন সময়ে লিখিত হইয়াছিল তাহার নিশ্চয়ই নাই। কেহ
কেহ অমুমান করেন,দেবীবর খৃঠীয় পঞ্চদণ শতাব্দীতে প্রাত্তভূত হইয়াছিলেন। দেবীবর কৃত গ্রন্থ উক্ত সময়ে লিখিত
হইলেও পুরাতন কুলজিগ্রন্থ অবলম্বন করিয়াই লিখিত হইয়াছিল সন্দেহ নাই। অন্যথা চারি পাঁচ শত বংসর পূর্বের
আনীত পঞ্চব্রাক্ষণের বংশাবলী, এবং সমগ্র ব্রাক্ষণদিগের
সম্বন্ধাদি কিপ্রকারে নিশ্চিত রূপে লিখিত হইতে পারে।

সমঁগ্র কুলজিগ্রন্থ আধুনিক হইলে, এবং কুলাচার্য্যগণ নিশ্চয়রূপে সেনবংশীয়দিগের জাতি অবধারণ করিতে অক্ষম হইয়া থাকিলে, তাঁহারা আদিশূর ও বল্লালাদির বর্ণনা সময়ে তাহাদিগের প্রতি "অম্বর্চ-কুল-নন্দনঃ," "বৈদ্যকুলোভূতঃ" প্রভৃতি বিশেষণ কলাচই প্রয়োগ করিতেন না। যদি অসুনানের উপর নির্ভর করিয়াই লিখিতেন, তবে আদিশূরকে, ব্রাহ্মণ বলিলেও তৎকালে কাহারও কোন আপত্তি হইত না। স্বজাতি-প্রিয়তা অথবা স্বজাতি-গৌরব সংবর্দ্ধণার্থে ইহাদিগকে ব্রাহ্মণ কুলোভূত অবাধে লিখিয়া ঘাইতে পারি-তেন। সেনবংশ ধ্বংশ হওয়ার পর বঙ্গদেশে রাজা রাজ্বভের সময় পর্যান্ত বৈদ্য জাতির মধ্যে প্রভৃত ক্ষমতাবান্ ন্যক্তি জন্ম গ্রহণ করেন নাই। অতএব কোন বৈদ্য প্রধান

बाक्टिव প্রহোচনায়, অথবা ষড়মক্তে, অথবা অন্য কোন কারণ নিবন্ধন, নেনবংশীরেরা ক্ষত্রিয় কি অন্য কোন জাতি -হইতে উত্তুত সঙ্গে, স্পান্টাক্ষরে বৈদ্য কুলোৎপন্ন বর্ণিত হওয়ার সম্ভব নাই। কুলঞ্জিগ্রন্থকারগণ নিরপেক্ষতা-গুণে চিরপ্রনিষ্ক, অনেকৈ অমান চিত্তে স্বীয় বংশেরও দোষ সমূহ স্পান্ধাক্ষরে উল্লেখ করিয়াছেন। বৈদ্য কুলজিকার কবিকঠহার, অপক্ষপাতিত হেতু কুঠার উপাধি প্রাপ্ত হইয়াছিলেন। আদি কুলজি লেখক-গণ সকলেই মহাপণ্ডিত এবং সমাজে সমধিক সম্মানশালী ছিলেন। ইচ্ছাপূর্বক কোন অনিশ্চিত বিষয় নিশ্চয় করিয়া লেখার তাঁহাদিগের কোন প্রয়োজন দেখা যায় না। বলাল কৌলীন্য মর্যাদা সংস্থাপন করিয়াই, কুল বর্ণনার নিমিত্ত ঘটক সম্প্রদায়ের সূজন করেন। ঘটকেরা বল্লালের সময় হইতেই কুলজি লিখনকার্য্যে ব্যাপৃত ছিলেন। অতএব কুলপঞ্জিকার প্রথমারম্ভ কথনই আধুনিক নহে,এবং কুলপঞ্জিকাতে,কাগ্যকুজা-গত পঞ্চত্রাহ্মণ ও তাঁহাদিগের অধঃস্তন সন্তান সন্ততীগণেরনাম, সম্বন্ধদি, কোলান্য সম্মানের তারতম্য প্রভৃতি পুঞ্জামুপুঞ্জ রূপে লিখিত আছে, অথচ পঞ্জাক্ষণের আনয়িতা আদিশুর এবং কোলীন্য মধ্যাদার স্থাপন কর্তা বল্লাল কোন জাতি, এই স্থুল বিষয়টীতে ভূল হইয়াছে, কদাচ সম্ভবপর হইতে পারেন।। ২য়। বঙ্গদেশে ক্ষত্রিয় জাতির বছল পরিমাণে অধিবাস নাই। স্থান বিশেষে যাহারা বিরল ভাবে অবস্থিতি করিতে-

ছেন, ভাহাদিগের পূর্বপুরুষণণ অধিকাংশই মুসলমানদিগের

मभरम वजरणरम वाभमन करतन। स्मनवः नीरमवी-काब्रिस स्ट्रेस

বঙ্গদেশে বহুল পরিমাধে ক্ষত্রিয়ের বাস থাকিত ৷ এবং অভা-তীয় ভূপালদিগের সিংহাসনাধিষ্ঠান হেতু, ঐ সময়ে বঙ্গবাসী ক্ষত্রিয়দিনের সবিশেষ উর্মাত হইত সন্দেহ নাই। কিন্তু বঙ্গ-বামী ক্ষত্তিষ, দিগের বিগত গৌরবের কোন চিহ্ন বিদ্যমান নাই, অথবা কোন গ্রন্থে ভাহার উল্লেখ প্রাপ্ত হওয়া যায় না। অতএব সেনবংশীয়ের৷ কদাচই ক্ষত্রির কুলোৎপন্ন বলিয়া প্রতীতি হয় না ৷ যদি এরপ তর্ক উপস্থিত করা হয়,যে আদিশূর ও বল্লাল ক্তিয় হইলেই যে অদ্য পর্যন্ত বহু ক্তিয়ের বাস বঙ্গদেশে থাকিবে তাহার নিশ্চয় কি ? কোন বিশেষ কারণ বশতঃ হয়ত বঙ্গদেশে ক্ষত্তিয় জাতির বিলোপ হইয়াছে, অথবা ক্ষত্তিয়েরা এ দেশে বহুল পরিমাণে বাস করেন নাই। কিন্তু ইতিহাস কিম্বদন্তী প্রভৃতিতে ক্ষত্রিয় জাতির হঠাৎ বঙ্গদেশ হইতে বিলোপ অথবা অথবা উপনিবাস স্থাপনের কোন উল্লেখ নাই; আদিশুর বঙ্গদেশ বিজয় করিয়া স্বীয় সাম্রাজ্য স্থাপন করিয়া-ছিলেন সত্য,কিন্তু তিনি ইংরেজ অথবা ফরাসিস দিগের ন্যায় বিজেতা ছিলেন না। তিনি বঙ্গদেশ হইতে ধনরত্ন লুগুন করিয়া ভিন্ন দেশে যাইয়া উপভোগ করিতেন না। আত্মীয় ও স্বজাতীয় বর্ণের সহিত বঙ্গদেশেই কালাতিপাত করিতেন। ভারতবর্ষে মুসলমান রাজত্ব পঞ্চশতবর্ষ মাত্র ব্যাপী হইয়াছিল, এই কাল মধ্যেই অসম্ভ্য আফগান্ মোগল, এবং পারসিকগণ এদেশে সাসিয়া অবস্থিতি করিয়াছেন। সেনবংশীয় ভূপালগণ চারি পাঁচশত বৎসর বঙ্গদেশের অধীশ্বর থাকিয়াও কি দশ সহস্র ক্ষতির এদেশে খান্যণ করিতে পারেন নাই!৷ ফলতঃ সেন-

বংশীয় ভূপালগণ ক্ষত্রিয় হইলে বঙ্গদেশে বহু ক্ষতিয়ের বাস থাকিত।

বঙ্গদেশন্ত ক্ষত্রিয়দিগের মধ্যে ত্রাক্ষণ বৈদ্য এবং কায়ন্তদিপের ন্যায় কোলীন্য প্রথার প্রচলন নাই। বল্লালের সম্যে
ইহারা অনেকে বঙ্গদেশে বিদ্যমান থাকিলে বল্লাল নিশ্চয়ই,
ইহাদিগের মধ্যে কোন প্রকার কুলীন অকুলীন বিভাগ
করিতেন। কিন্তু ক্ষত্রিয়দিগের মধ্যে বল্লালিমতে কোলীন্য
প্রথা না থাকাতে নিশ্চয়ই অনুমিত হইতে পারে যে বল্লালের
সহিত ক্ষত্রিয় জাতির কোন সম্পর্ক ছিল না।

পক্ষান্তরে সেনবংশীয় নৃপতি দিগের সময়েই বৈদ্য জাতির সমধিক উন্নতি দৃষ্ট হয়। যে সকল বৈদ্য মহাস্থারা অলঙ্কার, কাব্য, চিকিংসা শাস্ত্র প্রভৃতিতে গ্রন্থ রচনা করিয়াছেন, তাহাদিগের অনেকেই উক্ত সময়ে জন্ম গ্রহণ করিয়াছিলেন 1 বৈদ্যােণ সমাজে ও তৎসময় হইতে সমধিক সন্মানশালী হইয়া উঠেন। আদিশ্ব এবং সেনবংশীয় নৃপতিগণ অন্বষ্ঠ কুলোদ্তে না হইলে কথনই বৈদ্যাদিগের তাদৃশ উন্নতি হইত না।

তয়। আদিশ্রের যজ্ঞ সমাধান করিয়া পঞ্চ বাহ্মণ কান্যকুজ্ঞে প্রত্যাগত হইলে অন্যান্য ত্রাহ্মণগণ বলিয়াছিলেন
"তোমরা মগধ পথে গোড় রাজ্যে গমন করিয়াছ, এবং অ্যাজ্য যাজন করিয়াছ, অতএব যদি আমাদিগের সহিত পঁজিভোজন ইচ্ছা কর তবে পাপ হইতে নিষ্কৃতি লাভ কর"।
প্রায়ন্চিত্য ভিন্ন কেইই তাহাদিগকৈ পুনরায় সমাজে প্রবেশ
করিয়ত দিলেননা। এ প্রকার অপমানিত হইয়া তাহাদিগকে

याम পরিত্যান পূর্বক ভিন্নদেশে বাসস্থান নির্দেশ করিতে হইল। ক্ষত্রিয় জাতির দান গ্রহণ এবং যজন কাষ্য ত্রাহ্মণের .প্রশস্ত, বিজ্ঞাতির দানগ্রহণে ব্রাহ্মণের পাপ স্পর্ণিতে পারেনা। यपि व्यक्तिगृत यथार्थहे कवित्र काि इहेरवन, छर वाकाननन অযাজ্য যাজন হেতুবাদে, সমাজচ্যুত হইবেন কেন। কেবল মাত্র মগধ পথে গমন করাই তাঁহাদিগের পাপস্পর্শের কারণ উল্লেখ হইত #। যদি কেহ তর্ক করেন, অন্বষ্ঠ জাতি ষিজাতি মধ্যে গণনীয়, এবং দ্বিজাতির দানগ্রহণে ব্রাহ্মণের পতিত্র হওয়ার শাস্ত্রে বিধান নাই, অতএব আদিশূর অন্বষ্ঠ জাতীয় হইলে তাঁহার যজ্ঞ করাতে পঞ্জাক্ষণ পতিত হইবেন কেন। এবস্থিধ তর্কের মিমাংসা কন্ট-সাধ্য নছে; পুরাকালে একজাতি অন্যজাতির রুদ্রি অবলম্বন করিলেই পতিত হইত। রাজ্য শাসন এবং যুদ্ধকার্য্যে একমাত্র ক্ষত্রিয় জাতির অধিকার ছিল। অম্বষ্ঠ জাতির চিকিৎসাবৃত্তি। ইহাদিগের রাজকার্য্য করার বিধান নাই। হতরাং আদিশূর স্বজাতীয় ব্বত্তি পরিত্যাগ করিয়া সিংস্থাসনে অধিরোহণ করাতে পতিত হইয়াছিলেন। এবং তাঁহার যদ্ধন কার্য্যদ্বারা পঞ্চ ব্রাহ্মণ পতিত হইবেন বিচিত্র কি।

যদি কেই আপত্তি করেন যে ব্রাহ্মণগণ দান গ্রহণদারা পতিত হওয়াতে আদিশ্রকে কায়স্থ জাতীয় অনুমান করা ষাইতে পারে। যদি আদিশুর কায়স্থ হইতেন, তবে সং-

^{*} শাস্ত্রে তীর্থবাত্রা উদ্দেশ্য *ভিন্ন অন্য কোন কারণে মগধ প্রভৃতি দেশে গমন করা নিসিদ্ধ।

জন্ম বন্ধ কলিকন্চ, ক্রাবিড় মগধন্তথা। তীর্থবাত্তা বিনা গচ্ছেৎ পুনঃসংস্কারমইতি॥

বাদাণদণ তদবধিই কারস্থ দিপের দান প্রহণ এবং ইহাদিগের বাদিতে ভোজন করিয়া আদিতেন। কিন্তু যদিও সময়ের পরিবর্ত্তনে এক্ষণে অনেকে কায়স্থ জাতির দান গ্রহণ করিয়া থাকেন, তথাপি ত্রিংশংবর্ষপূর্ব্বে সংব্রাহ্মণগণ কথনই কায়স্থ জাতির অথবা অন্যান্য করণ ও শূদ্রজাতির বাদীতে ভোজন অথবা দান গ্রহণ করিতেন না। পঞ্চত্রাহ্মণের কান্যকুজন্থ ব্রাহ্মণিগকর্তৃক প্রত্যাখ্যানই সেনবংশীয় দিগের ক্ষত্রিয় জাতি-ত্বের প্রবলতম বিরুদ্ধ প্রমাণ।

৪র্থ। পূর্ব্বে বঙ্গদেশের প্রতি সমাজেই কৌলীন্য ময্যাদা লইয়া বিশেষ আন্দোলন হইত, কোন ব্যক্তির নিকট পরিচয় দিতে হইলে কুলকার্য্যাদির উল্লেখ করা হইত, অকুলীনগণ কুলীন বরে কন্যা সমপ্রদান করিতে পারিলে সমাজে গোরব ও প্রতি পত্তি লাভ করিতেন। কুলীনগণ স্বীয় স্বীয় বংশ মর্য্যাদা অব্যাহত রাথিবার নিমিত্ত সাধ্যাত্মসারে যত্ন করিতেন, অপসম্বন্ধ ও অকুলীনের সহিত পঁজি-ভোজনে তাহাদিগের গোরবের হানি হইত *। যদিও এক্ষণে কৌলীন্য প্রথার আর পূর্ব্বিবৎ প্রচলন নাই, তথাপি হিন্দু সমাজে থাকিয়া কেহই বল্লালের

^{*} বরং প্রাণপ্রদাতব্যা বরং ত্যাজ্যা স্থতাদয়:।
বরং সহাং কহৎ কট্টং নকুর্যাত কুলদ্বণং ॥
বস্থাৎ কুলপ্রকাশার্থং প্রত্যক্ষম্যাত্মবাসি।
বিশুদ্ধং হিকুলং পুংসাং পরত্রেহ্চ শর্মনে ॥
কুলং ত্যক্ত্মা ধনং গ্রাহ্ম মিতিম্চ বিয়াংমতঃ।
কুলংক্রাম্ভরন্যি ধন্মান্তাবিনশ্বং ॥
ক্বিক্সহার প্রদীত কুলপঞ্জিকা।

শাসন হইতে একবারে মুক্তিলাভ করিতে পারেন নাই। কিন্তু একণে কুলাকুলের বিচার বিশেষ না থাকিলেও প্রতি ব্যক্তির বিবাহের সম্বন্ধ স্থির করিবার পূর্বের বর ও কন্যাপক পরস্পারের বংশ মর্যাদার অনুসন্ধান লইয়া থাকেন। অভ্তএব বল্লালের সময়াবধি অদ্য পর্যান্ত প্রতি বিবাহে, প্রতি পুত্রের ও প্রতি কন্যার বিবাহে, আত্মীয়ের প্রতি পুত্র ও কন্যার বিবাহে, কুল লইয়া আন্দোলন হইয়া আসিতেছে। স্নতরাং অধিকাংশ বিবাহিত কি অবিবাহিত ব্যক্তির জীবনে চারি পাঁচবার কোলীন্য মর্যাদার বিষয় আলোচনা করিতে হইয়াছে এবং হইতেছে। এবং সেই সঙ্গে বল্লালের জাতি তাহাদিগের মনে পড়িয়া আদিতেছে। এই প্রকার বল্লালের সময়াবধি वन्नवानी अक कांग्री हिन्तूत ममल जीवतन घानम कांग्रीवात আলোচনা করিয়া যে বিষয় একবাক্যে পুরুষাসুক্রমে বলিয়া আসিতেছে, তদ্বিষয়ে কাহারও সন্দেহ করা সঙ্গত হইতে পারে না। ছাদশ কোটা লোকের সাক্ষ্য, অনুমান ও সামান্য প্রমাণে খণ্ডিত হইতে পারে না।

ধ্য। বল্লাল পদ্মিনী নামে নিচজাতীয়া এক রমণীর পাণিগ্রহণ করিয়াছিলেন, তমিমিত বৈদ্যুগণ তাহার সহিত আহার ও সামাজিকতা পরিত্যাগ করেন। কিন্তু কেহ কেহ রাজার প্রসাদ লালসায়, এবং কেহ কেহ, অর্থলোভে তাহার সহিত, পান ভোজনাদি করিয়াছিলেন, এবং তজ্জন্য সমাজের অন্যান্য বৈদ্যুগণ তাহাদিগের সহিত আহার ব্যবহার পরিত্যাগ করেন। ক্লিক্রমে এইসকল বৈদ্যু বংশীয়েরা কুলীন শ্রেণী

হইতে অবনমিত হইয়া সাধ্যভাব প্রাপ্ত হইয়াছিলেন 1 ।

যদি বল্লালমেন যথার্থ ই বৈদ্য না হইবেন তবে তাহার সহিত

অন্যান্য বৈদ্যদিগের একপঁক্তি ভোজন প্রভৃতি সামাজিকতা

বিদ্যমান থাকার সম্ভাবনা কি ? এবং বল্লাল নিরুষ্ট সম্বন্ধ

করিলে বৈদ্যগণই বা তাহার সহিত পান ভোজন হেতু অবন
মিত হইবেন কেন ?

৬ষ্ঠ। লক্ষণসেন প্রদত্ত তামুশাসনে সেনবংশ বর্ণনে তৃতীয় শ্লোকে লিখিত আছে, "ঔষধনাথবংশে, শক্রদিগের তেজরূপ বিষদ্ধর বিনাশকারী নৃপতিগণ জন্মগ্রহণ করিয়া ছিলেন।" অনেকে "ঔষধনাথ " অর্থ চক্র শ্বির করিয়া

† স্থানদোরান্তাঙ্গদোরাত্তথা সম্বন্ধদোরতঃ।

সিদ্ধবংশ ভবা বেযে সাধ্যভাবমুপাগতাঃ।
তথা কপ্তমাপরা স্থানথ প্রতিচক্ষহে।
তথাকাতরঃসপ্ত ধরস্তরি কুলোন্তবাঃ।
গাইসেনঅন্ধ্রনেশতভূদেনো মীন সেনকঃ।
স্বর্ণপীটঞ্চ পঞ্চেতে শক্তপোত্র সমূত্রবাঃ।
বল্লালস্যার লোবেণ কঠসাধ্যহমাগতাঃ।
এষাং সংপ্রতি পতিশ্চ নৈব কুত্রাপি দৃশ্যতে।
শক্ত্গোত্রোদ্ভারা দণ্ড পাণিঃ শক্ত্ধরাত্মজ।
পিতৃঃ শ্বাপবসাদেব সাধ্য ভাবমুপাগতঃ।
রাজ্য লোভেন কমলো ধরস্তরিকুলোদ্ভবঃ।
রাজ্যত্র মুপানার কুলীনোহভবৎ কিল।

কবিকগ্রহার প্রণীত কুলপঞ্জিকা।

टमनवः भीयमिशटक हत्सवः भीय कवित्र मिकांख कदतन। अवः উপরোক্ত শ্লোক প্রমাণরূপে উল্লেখ করেন। কিন্তু চন্দ্রের একনাম " ওষধিনাথ,' " ঔষধনাথ " নহে। শব্দকল্পজ্ঞম অভিধানে " ওমধিঃ (অর্থ) ফলপাকান্ত রক্ষাদিঃ। কদলি-ধান্যমিত্যাদিঃ '' লিখিত আছে, * এবং "ওষ্ধীপতি" অর্থ "চন্দ্র " লেখা আছে। ফলপাকান্ত রক্ষাদি চন্দ্রকিরণে ৰৰ্দ্ধিত হয় হেছু, চন্দ্ৰ, " ওষধিনাথ " বা " ওষধীশ " সংজ্ঞা প্রাপ্ত হইয়াছেন। " ঔষধ" অর্থ রোগনাশক দ্রব্যাদি, এবং রোগনাশক দ্রব্যাদির অধিপতি, ঔষধ জ্ঞান বিশিষ্ট চিকিৎসক অথবা বৈদ্যকেই বুঝায়। "অতএব ঔষধনাথ বংশ" অর্থ বৈদ্যবংশ, চন্দ্রবংশ নহে। সেনবংশীয়েরা যখন লক্ষ্মণসেন প্রদত্ত তামুশাসনে স্পন্টাভিধানে বৈদ্যবংশীয় বলিয়া উল্লিথিত হইয়াছেন, তখন তাহারা ক্ষত্রিয় অথবা অন্য কোন জাতি হইতে উৎপন্ন হইয়াছেন, ইহা কখনই অনুমান করা যাইতে পারে না!

যে সকল প্রমাণের উল্লেখ করা গেল তাহাতে আদিশূর এবং সেনবংশীয়েরা যে বৈদ্য জাতি হইতে উৎপন্ন হইয়াছি-লেন,এবং ক্ষত্রিয় ছিলেন না, সংস্থাপন হইতেছে। রাজসাহীর প্রস্তর ফলক এবং কেসবসেন প্রদত্ত তাত্রশাসন দ্বারা তাহা-দিগের জাতি বিনির্ণয় হইতে পারে না, তাহা পূর্বেই প্রতিপন্ন করা হইয়াছে। অতএব কুলজিগ্রন্থের প্রমানের এবং বংশ পরম্পর্নাগত কিম্বদন্তীর ভ্রম স্পান্টাভিধানে সংস্থাপন করিতে

[&]quot; भन बसक्य व्यक्तिशास खेरथ धरा छर्गा भन्न (मर्थुन)

পারে, এরপ প্রবল এবং অকাট্য প্রমাণ যে পর্যান্ত প্রদর্শিত না হইবে, তৎসময় পর্যান্ত সেনবংশীয় দিগের জাতি সম্বন্ধে ভিন্ন মত গ্রহণীয় হইতে পারে না।

আবুল ফজেল কৃত ''আইন আক্বরিতে'' আদিশ্রবংশীয়, পাল বংশীয়, এবং সেনবংশীয় নৃপতিগণ "কয়থজাতীয়"বলিয়া উল্লিখিত হইয়াছে। বোধ হয় ''কয়থ''কায়স্থ শব্দের অপভ্রংস হইবে। শ্রীযুক্ত রাজেন্দ্রলাল মিত্র বাহাতুর অতুমান করেন,আবুল ফজেল অম্বষ্ঠ জাতিকে অম্বষ্ঠ কায়স্থ জ্ঞান করিয়া ভ্রমবশতঃ সেনবংশীয় রাজাদিগের কায়স্থ জাতি নির্দেশ করিয়াছেন। আমাদিগের ও ঐ মত। আবুল ফজলের সময়ে দিল্লীঅঞ্লে অষষ্ঠ জাতির বাস ছিল না, এজন্য তিনি অষষ্ঠ, এবং অষষ্ঠ কায়স্থ যে ছুই স্বতন্ত্র জাতি, নিরূপণ করিতে পাত্রেন নাই। যে সকল প্রস্তর ফলক এবং তামু শাসনের প্রমাণ বলে আদিশূর এবং দেনবংশীয়দিগেরজাতিসম্বন্ধে মতান্তর উপস্থিত হইয়াছে উহা আবুল ফজেলের সময়ে কাহারও বিদিত ছিল না; এবং অন্য কোথায় ও সেনবংশীয় নৃপতিদিগের কায়স্থ জাতীয় বলিয়া উল্লেখ নাই। স্বতরাং আইন আকবরিতে আদিশূর ও বল্লাল প্রভৃতির কর্ম্ব জাতি উল্লেখ ভ্রম পূর্ব সন্দেহ নাই।

রাজসাহীর প্রস্তর ফলক এবং বাথরগঞ্জের তামুশাসনের লিথিত বিবরণ আলোচনা করিলে একটা প্রশ্ন সহজেই অন্তঃকরণে উদয় হয় যে,সেনবংশায়েরা উক্ত বিবরণে স্বীয় স্বীয় বংশ পরিচয় সবিস্তাররূপে প্রদান করিয়াও তাহাদিগের জাতির স্পান্টাক্ষরে উল্লেখ করেন নাই কেন? পূর্বাকালে মামের সহিত জাতিবাচক শব্দ ব্যবহার প্রথা সাধারণতঃ প্রচার ছিল না। প্রাচীন কবি অথবা রাজাদিগের নামের শেষে জাতির উল্লেখ প্রাপ্ত হওয়া যায় না। কালিদান, ভবভৃতি, ভট্টনারায়ণ, দশর্থ ছুর্য্যোধন, যুর্ধিষ্ঠির, চন্দ্রগুপ্ত, পুথুরায়, জয়চন্দ্র প্রভৃতি নামের শেষে জাতিবাচক কোন শব্দ নাই। ভারতবর্ষের নানা স্থানে যে সকল তামুশাসন, পাওয়া গিয়াছে, তন্মধ্যে কতিপয় ভিন্ন, অধিকাংশেই নামের শেষে জাতিবাচক শব্দের উল্লেখ প্রাপ্ত হওয়া যায় না। এক্ষণেও উত্তর-পশ্চিমাঞ্চলে, বঙ্গ দেশের ন্যায় প্রতি নামের শেষে, শৰ্ম্মণ, গুপ্ত,দাস প্রভৃতি শব্দ যোজনা, প্রচলিত নাই। অতএব উল্লিখিত কুারণ বশতঃ প্রস্তরফলকে ও তামশাসনে সেনবংশীয় নুপতিগণের নামের শেষে জাতিবাচক উপাধি ব্যবহার করা হয় নাই।

পক্ষান্তরে ইহাও অনুমান করা যাইতে পারে যে, সেনবংশীয় নৃপতিগণের অন্বষ্ঠ জাতি হেতু, তাঁহারা তদানিন্তন
ক্ষত্রিয় নৃপতিদিগের তূল্য সমাদৃত হইতে পারিতেন না।
এজন্য তাহারাও ক্ষত্রিয় বলিয়া লোক সমাজে প্রকাশিত
হওয়ার চেন্টা করিতেন *। কবিগণ তাহাদিগের এই অভিলাষ
সিদ্ধির নিমিত্ত দ্ব্যর্থ শব্দের প্রয়োগ দ্বারা এরূপ ভাবে বংশ
বর্ণনাদি করিতেন যে, ক্ষত্রিয় না হইলেও ভঙ্গিতে তাহাদিগের

[★] এক্ষণে বঙ্গলৈশের কায়ত্বগণ ক্ষত্রিয় হওয়ায় বিশেষ চেষ্টা করিতেছেন।

*

ক্ষত্রিয় বলিয়। পরিচয় হইতে পারিত। এই অনুমান কতদূর গ্রহণীয়, তাহা রাজসাহীর প্রস্তর ফলকাঙ্কিত শ্লোক এবং কেশবদেন প্রদত্ত তামু শাসনের শ্লোক পাঠ করিলেই স্থির হইতে পারে। সেনবংশীয়দিপের চন্দ্র হইতে উৎপত্তির বিষয় রূপক ও বাগারম্বরের সহিত লেখা হইয়াছে,অথচ ক্ষত্রিয় জাতির স্পাধীক্ষরে উল্লেখ না করিয়া,''ত্রেক্ম-ক্ষত্রিয়ানাং কুলশি-রোদাম'' মাত্র বলা হইয়াছে। ইহাতেই বোধ হয় সেন-বংশীয়েরা ক্ষত্রিয় জাতি হইতে উৎপন্ন নহেন।*

বৈদ্য সমাজে চন্দ্র উপাধিধারী কতিপয় বংশ বিদ্যমান আছে, ইহারা অকুলীন এবং কফ ভাবাপন্ন, (অর্থাৎ নিকৃষ্ট শ্রেণী ভূক্ত)। "চন্দ" শব্দ "চন্দ্র" শব্দের অপভ্রংস মাত্র।

জ্যোতিষ শাস্ত্রে চল্রের বৈশ্যজাতি, এবং কোন গ্রন্থে চল্র বৈশ্য জাতির অধিপতি নির্দ্ধেশ আছে। চল্রবংশ অর্থ প্রকারাস্তরে বৈশ্যবংশ অমুমান করা যাইতে পারে। অম্বর্গ জাতি ব্রাহ্মণ এবং বৈশ্যা হইতে উৎপন্ন, এজন্য কোন অম্বর্গকে বৈশ্য-বংশ হইতে উৎপন্ন বলা অস্কৃত হইতে পারে না। পুরাকালে মাতৃ-কুলের পরিচয়ে পরিচয় প্রদান করার প্রথা প্রচলিত ছিল। অতএব সেনবংশীয়দিগকে চল্রবংশ বলিলেও তাহাদিগের অম্বর্গজাতি স্থিরতর থাকে। এই টীকায় যাহা লেখা হইল তাহা অমুমান মাত্র।

বিপ্রাদিত শুক্রগুক কুজার্কে।
শনী বৃধদ্যত্ত্যাদিতোন্তরাণাং।
চক্রার্ক জীবাজ্ঞ দিতৌ কুজার্কে।
বথাক্রমং দত্ত্বরজন্তমাংদি ॥

বরাহ মিহীর প্রণীত বৃতৎজাতক গ্রন্থ। ২১ পত্র, শ্রীযুক্ত বাবু প্রাণনাথ পণ্ডিতের হন্দ্রণিথিত পুস্তক। বোধ হয় চন্দ্র উপাধিধারী বৈদ্যগণ চন্দ্রবংশ হইতে উৎপন্ন, এবং তনিমিন্তই তাহাদিগের চন্দ্র অথবা চন্দ্র উপাধি হইয়াছে। কথিত আছে, বল্লাল নিজেও উৎকৃষ্ট বৈদ্য ছিলেন না। কুলজি গ্রন্থে অকুলীন বৈদ্যদিগের সবিস্তার রূপে বংশ বর্ণন প্রথা নাই। এজন্য বল্লালেরও বংশকীর্ত্তন বিশেষরূপে বৈদ্য কুলজি গ্রন্থ সমূহে প্রাপ্ত হওয়া যায় না। যাহা হউক সেনবংশীয় নৃপতিগণ চন্দ উপাধিধারী বৈদ্যদিগের গোষ্ঠিভূক্ত ছিলেন অমুযান করা যাইতে পারে। কিন্তু এসন্বন্ধে কোন প্রমাণ নাই।



পরিশিষ্ট।

রাজসাহীর প্রস্তরফলক।

রাজসাহীর প্রস্তরকলক গোদাগারী থানার অন্তর্গত দেওপাড়া গ্রামের সিরিকটে বারিক* নামক স্থানে প্রাপ্ত হওয়া যায়। নেট্কাফ্ সাত্রেব, দেশীয় কতিপয় পণ্ডিতের,সাহায়ের, এই প্রস্তরাক্ষিত্রেয়াকের পাঠোদ্ধার করেন। শ্লোকগুলি প্রাচীন তিকটে অক্ষরে লিখিত। বর্ত্তনান প্রচলিত অক্ষরের সহিত তুলনা করিয়া দেখিলে, প্রথমে এক স্বতন্ত্র অক্ষর বলিয়া বোধ হয়। কিন্তু আধুনিক বাঙ্গালা অক্ষরের সহিত এই অক্ষরগুলির অনেক সৌসাদৃশ্য আছে। প্রস্তরকলকের লেখা অতিশয় অস্পষ্ট, আমরা এসিয়াটিক সোসাইটির চিত্রশালিকায় ঐ প্রস্তরকলক নিরীক্ষণ করিয়াছি। শ্রীযুক্ত মেট্কাফ্ সাহেব তাহার ষে পাঠোদ্ধার করিয়াছেন ঐ পাঠই যে অল্যন্ত ইইয়াছে তাহার নিশ্চয় নাই।

এই প্রস্তরকলক যে স্থানে প্রাপ্ত হওয়া গিয়াছিল, ঐ স্থান সম্বন্ধে প্রীযুক্ত মেট্কাফ্ সাহেব লিথিয়াছেন যে, " এই প্রস্তরকলক যে জলাশয়ের নিকট প্রাপ্ত হওয়া গিয়াছে, ঐ জঁলাশয় গৌড় হইতে ৪০ মাইল দূর, কিন্ত এই স্থান যে নদীর পারে, ঐ নদী ৬ মাইল দক্ষিণে রামপুর বোয়ালিয়ার নিয়ে প্রবাহিত গদ্মানদীর পুরাতন থাত। এই স্থানে বে কোন মন্দির স্থাপিত ছিল তাহা সহজেই উপলব্ধি হয়, এবং প্রস্তরান্ধিত শ্লোক মন্দিরস্থাপয়িতার যশো বর্ণনা।

ঐ জলাশরের মধ্যে আরও ছই থানি বৃহৎ প্রস্তর আছে, পূর্ব্বে ঐ প্রস্তর জলের উপর বিদ্যান ছিল এক্ষণে সম্পূর্ণরূপে জলমগ্র হইরাছে। অক্ষিত প্রস্তরফলক ইহারই নিকটে এক জঙ্গল মধ্যে অন্যান্য কতিপন্ন প্রস্তরফলক মধ্যে প্রাপ্ত হওয়া গিয়াছিল। এই স্থানে একটী বৃহৎ মস্জিদ বর্ত্তমান আছে। উহা সম্পূর্ণ ই প্রস্তরনির্দ্ধিত এবং সাড়ে ছন্ন শত বংসর গত হইল প্রস্তত হইয়াছে।"

উপরোক্ত বর্ণনার স্পষ্টই বোধ হয় যে এই স্থানে কোন বৃহৎ নগর বিদ্যান মান ছিলনা। কেবল এক শিবমন্দির ও অন্যান্য কতিপয় অট্টালিকা বিদ্যান্য ছিল। মুসলমানেরা গৌড় রাজ্য পরাজ্যের অব্যবহিত পরে, মন্দির ভগ্ন করিয়া প্রস্তার দ্বারায় এই মস্জিদ নির্মাণ করে। ফলতঃ এই স্থানে প্রাতন কোন নগর থাকিলে অনেকগুলি ভগ্নাবশেষ থাকিত।

প্রস্তরাঙ্কিত শ্লোকের প্রতিলিপি

ওঁ ননঃ শিবায়।

বক্ষোংশুকাহরণসাধ্বসক্ষ হৈনালিমাল্যজ্ঞ টাহতরতালয়দীপভাসঃ।
দেব্যান্ত্রপায়ক্লিতং মুখনিন্দুভাতিক্ষীক্ষ্যাননানি হসিতানি জয়স্তি শস্তোঃ॥ ১।
লক্ষ্মীবল্লভাভ সৈলজাদয়িতয়োর দৈতলীলাগহং
প্রছায়েশরশন্দলাঞ্চনমধিষ্ঠানং নমকুর্মাহে।
বল্লালিঙ্গনভঙ্গকাতরতয়া হিত্যান্তরে কাতয়োদেবীভ্যাং কথমপ্যভিরতক্ষ্তা শিপ্নোহন্তরায়ঃ কৃতঃ
যংসিংহাসনমীশ্বস্য কনক প্রায়ং জটামগুলং
গিস্থানীকর্মজ্বীপরিকর্মের্গচামর প্রক্রিয়া।

স্বেতোৎফুল্লফণাঞ্চলঃ শিবশিরঃ সন্দানদামোরগ-শ্চত্রং যস্য জন্মতাদাবচরমো রাজা স্থধাদীধিতি:।। ৩। বংশে ত্যামরস্ত্রীবিত্তরত্বলাসাঞ্চণো দাক্ষিণাতা-কৌণীল্রৈর্কীরসেনপ্রভৃতিভিরভিতঃ কীর্ত্তিমন্তির্কভূবে। যচ্চারিত্রাত্মচিন্তাপরিচয়শুচয়: সুক্তি মাধ্বীকধারাঃ পারাশর্যোণ বিশ্বশ্রবণপরিসরপ্রীণনায় প্রণীতা:॥ ৪। তত্মিন সেনাম্বায়ে প্রতিস্থভটশতোৎসাদনএন্ধবাদী সত্রক্ষতিয়ানামজনি কুলশিরোলাম সামস্ত্রেনঃ। উদ্গীয়ত্তে বদীয়াঃ স্থলহদধিজলোলোলশীতেষু সেতোঃ কচ্ছাত্তেম্পরোভিদশরথতনয়স্পর্নিয়া যুদ্ধগাথা।। ।। যম্মিন্ সঙ্করচত্বরে পটুরউভ্রের্য্যোপহুতিছিৰ-ছর্গে যেন কুপাণকালভুজগঃ থেলায়িতপাণিনা। দৈধীভূতবিপক্ষকুঞ্জরঘটাবিলিউকুভস্বনী মুক্তাসূলবরাটিকাপরিকরৈর্ক্যাপ্তং তদদ্যাপ্যভূৎ।। গৃহাদগ্ৰমুপাগতং ব্জতি পত্তনং পত্তনা-ছনাং বনসমুক্ততং ভ্রমতি পাদপং পাদপাং। গিরের্নিরিমধিশ্রিতস্তরতি তোর্যধিস্কোর্ধে-र्यतीश्चर्यात्रञ्जनश्चीमत्रकशृष्ट्रेनशः यमः ॥ १। হর্ক ভানাময়মরিকুলাকীর্ণকর্ণাটলক্ষী-লুপ্তকানাং কদনমভনোতাদুগেকাঙ্গবীরঃ। যত্মাদদ্যাপ্যৰিহতবসামাং সমেদঃ স্থাভিক্ষাং সম্যৎ পৌরস্তাজতি ন দিশং দক্ষিণাং প্রেতভর্তা।। ৮। উक्तकीन्यान्यपूर्वमर्थान्यज्ञान्यज्ञान्यज्ञान्यज्ञान्यज्ञान्य স্তনাক্ষীরাণি কীরপ্রকরপরিচিতত্রহ্মপারায়নানি। যেনাসেব্যম্ভ শেষে বয়সি ভবভয়াম্বনিভিশ্নমনীলৈ: পূর্ণোৎসঙ্গানি গঙ্গাপুলিনপরিসরারণাপুণ্যাশ্রমাণি ॥ ১। অচরমপরমাত্মজানভীয়াদমুগ্না-

রিজভ্রমদমতারাতিমারাক্বীর:।

অভবদনবসানোদ্ভিন্ননিকিতত্তগদ্ধনিবহমহিয়াং বেশ্বহেমন্তবেদনঃ ॥ ১০ ॥

ম্ক্রিন্ত্রেক্ল্ড্ডামণিচরণরজঃ সত্যবাক্ কণ্ঠভিত্তা
শাস্তং শ্রোত্রেরিকেশাঃ পদভ্বিভ্জয়োহক্র্রমৌর্ক্রীকিণাদ্ধঃ ।
নেপথ্যং যস্য জজ্ঞে সতত্যিয়দিদং রত্বপুষ্পাণি হারাভাভৃদ্ধং নৃপুরস্বক্ষনকবলয়মপ্যস্য নৃত্যাঙ্গনানাম ॥ ১১ ।
যদ্যোক্রিবিলাসলকগতিভিঃ শ্রৈবিদীর্ণোরসাং
বীরাণাং রণতীর্থ বৈভববশাদিবাং বপুর্বিভ্রতাম্ ।
সংসক্তামরকামিনীস্তনতিগিশ্মীরপত্রাক্ষিতং
বক্ষঃ প্রাগিব মুশ্বসিদ্ধমিথুনৈঃ সাতত্বমালোকিতং ॥ ১২ ।
প্রত্যথিব্যয়কেলিকর্মণি পুরঃ স্বেরং মুথং বিভ্রতো
বেততৈত্বদসেচ্চ কৌশলমভূদ্ধানে হয়োরভূতং ।
শ্রোঃ কোপি দধেহ্বসাদ্মপরঃ সথ্যুঃ প্রসাদংব্যধাদেকো হারমুপাজহার স্ক্রদামন্যঃ প্রহারং দ্বিষাম্ ॥ ১০ ।

মহারাজ্ঞী যদ্য স্থপরনিথিলান্তঃপুরবধুশিরোরত্বশেণীকিরণসরণিক্ষেরচরণা।
নিধিঃ কান্তে সাধ্বী ব্রতবিততনিত্যোজ্জলযশা
যশোদেবী নাম জিভুরনমনোজ্ঞাকতিরভূৎ ॥ ১৪।
ততন্ত্রিজগদীশ্বরাৎ সমজনিষ্ট দেব্যান্ততোপ্যরাতিবলশাতনোজ্জলকুমারকেলিক্রমঃ।
চতুর্জলধিমেথলাবলয়দীমবিশ্বস্তরা
বিশিষ্টজয়দায়য়ে। বিজয়দেনপৃথীপতিঃ ॥ ১৫।
গণয়তু গণশঃ কো ভূপতীংস্তাননেন
প্রতিদিনরণভাজা যে জিভা বা হতা বা।
ইহ জগতি বিষেহে স্থদ্য বংশদ্য পূর্কঃ
পুরুষ ইতি স্থধাংশৌ কেবলং রাজশক্ষঃ॥ ১৬।
দঙ্খোতীতকপীক্রদৈন্যবিভূনা তদ্যারিজেতুস্তলাং
কিং রামেণ বদাম পাগুবচমুনাগেন পার্থেন বা।

হেতোঃ থজানতাবতং নিতভূজানাত্রন্য যেনার্জিতং
সপ্তান্ডোধিতটীপিনদ্ধবস্থাচক্রৈকরাজাং কলং॥ ১৭।
একৈকেন গুণেন বৈঃ পরিণতং তেষাং বিকেকাদৃতে
কশ্চিদ্ধতাপরশ্চ রক্ষতি স্প্রত্যন্যশ্চ ক্রংম্বর্জাৎ।
দেবোয়ংভূ গুণেঃ ক্রতো বছতিথৈর্দ্ধিনান্ জ্বান দিবো
বৃজ্ঞভানপুরক্ষকার চ রিপুচ্ছেদেন দিবাাঃ প্রজা॥ ১৮।
দল্বা দিবাভূবং প্রতি ক্ষিতিভূতাম্বর্বীম্রীকুর্ব্বতা
বীরাস্গ্লিপিলাঞ্চিতোহ্নিরম্না প্রাণেব পত্রীকৃতঃ।
নেখাং চেৎ কথমন্যথা বস্থমতী ভোগে বিবাদোশ্বী
তত্রাকৃষ্টকুপাণধারিলি গতা ভঙ্গং দ্বিষাং সন্ততিঃ॥ ১৯।

ত্বং নান্যবীরবিজয়ীতি গিরঃ কবীনাং
শ্রহাহন্যথা মননক্চনিগৃচ্রোষঃ।
গৌড়েক্তমজ্বদপাক্তকানকপভূপং কলিঙ্গমপি যস্তরদা জিগায়॥ ২০।
শ্রংমন্য ইবাদি নান্য কিমিহ স্বং রাঘব শ্লাঘদে
স্পর্দাং বর্দ্ধন মুঞ্চ বীর বিরতো নাদ্যাপি দর্পন্তব।
ইত্যন্যোন্যমহরিশিপ্রণয়িভিঃ কোলাহলৈঃ স্মাভূজাং
যং কারাগৃহ্যামিকৈনি য়িমতে। নিজাপনোদক্রমঃ॥ ২১।

পাশ্চাত্যচক্রজয়কেলিবু যদ্য যাবদ্ গঙ্গাপ্রবাহমমুধাবতি নৌবিতানে। ভর্গদ্য মৌলিদরিদস্তদি ভস্মপত্ধ-লগ্নোজ্কিতেব তরিবিন্দুকলা চকাস্তি॥ ২২।

মৃক্তা: কর্পাসবিবৈজ্মারকতশকলং শাকপত্রৈরলাব্-পুলো: রুপ্যাণি রত্নং পরিণতিভিত্রৈ: কুক্ষিভিদ্দাড়িমানাম্। কুমাঞীবল্লরীণাং বিকসিতকুস্থমৈ: কাঞ্চনং নাগরীভিঃ শিক্ষ্যন্তে যৎ প্রসাদাদ্বহিবিভবজুষাং যোষিতঃ শোত্রিয়াণাম্॥ ২৩

> অপ্রান্তবিপ্রাণিতযজ্ঞ মূপ-স্তন্তাবলীং দ্রাগবলম্মানঃ।

যস্যামুভাবাঙ্বি সঞ্চার
কালক্রমাদেকপদোপি ধর্ম: ॥ ২৪।
মেরোরাহতবৈরিসঙ্গতটাদাহ্য যজামরান্
ব্যত্যাসং প্রবাসিনামকৃত যঃ স্বর্গস্য মর্ত্যস্যচ।
উত্ত কৈ: স্বর্সজিভিশ্চ বিততৈত্ত লৈশ্চ শেষীকৃতং
চক্রে যেন প্রশ্রম্য চ সমং দ্যাবাপ্থিব্যার্কপ্র: ॥ ২৫।

দিক্শাথাম্লকাণ্ডং গগনতলমহান্তোধিমধ্যান্তরীয়ং
ভানোঃ প্রাক্পপ্রতাগতিন্থিতিমিলছদরান্তস্য মধ্যাক্ষ্টেশলম্ ।
আলম্ভক্তমেকং ত্রিভ্বনভবনস্যেকশেষং গিরীণাং
সপ্রছামেশ্বরসা ব্যধিত বস্তমতীবাসবঃ সৌধম্টেচঃ ॥ ২৬ ।
প্রাসাদেন তবাম্নৈব হরিতামধ্বা নিরুদ্ধো মুধা
ভানোদ্যাপি ক্তোন্তি দক্ষিণদিশঃ কোণান্তবাসী ম্নিঃ।
অন্যাম্চেপ্থোয়ম্চভু দিশং বিক্যোপ্যসে বর্দ্ধতাং
ব্যবচ্ছক্তি তথাপি নাস্য পদবীং সৌধস্য গাহিষ্যতে ।। ২৭ ॥
প্রতী যদি অক্ষ্যতি ভূমিচক্রে, স্থমেক্ষ্ণপিগুৰিবর্ত্তনাভিঃ ।
তদাঘটঃ স্যাছপ্যানমন্দ্রন স্থবর্ত্ত্বস্য ভদর্পিতস্য ।। ২৮ ।

বিলেশয়বিলাসিনীমুক্টকোটিরক্লাকুরক্রংকিরণমঞ্জরীচ্ছুরিতবারিপূরং পুর:।
চথান পুরবৈরিণ: সজলমগ্রপৌরাঙ্গনাস্তবৈশ্যদসৌরভোচ্চলিতচঞ্চরীকং সর:॥ ২৯।

উচ্চিত্রাণি দিগম্বরস্য বসনান্যর্দ্ধসনা স্থামিনো
রক্সালস্কৃতিভির্মিশেষিতবপু:শোভাঃ শতং স্কুত্ররঃ।
পৌরাচ্যাশ্চ পুরীঃ শাশানবসতের্ভিন্ধাভূজোস্যাক্ষরাং
লক্ষীং স্ব্যভনোদ্ধিজভরণে স্কুজ্ঞা হি সেনাম্বরঃ।। ৩০।
চিত্রক্ষোমেভচর্মা স্থলম্বিনিহিতস্থলহারোরগেক্রঃ
শ্রীপপ্তকোদভন্মাকর্মিলিতমহানীলরত্নাক্ষমালঃ।
বেষস্থেনাস্য তেনে গরুড্মণিলতা গোনসঃ কাস্তম্কা
নেপথ্য, নুস্থিরিচ্ছা স্মুচিতর্চনঃ ক্রকাপালিকস্য॥ ৩১।

বাহো: কেলিভিবদ্বি হীষকনকচ্ছত্রণ ধবিত্রীতলং কুর্বানেন ন পর্যাশেষি কিমপি স্বেনৈন তেনেভিতং। কিস্তব্যৈ দিশতু প্রসন্নবরদোপ্যদ্ধেন্দুমোলিঃ পবং স্বং সাযুদ্ধ্যমসাবপশ্চিমদাশেষে পুনর্দ্ধাস্যৃতি॥ ৩০।

প্রত্যেতুমস্য পরিতশ্চরিতং ক্ষমঃ স্যাৎ
প্রাচেত্রা বদি পরাশবনকনোর।
তংগীরিপুরস্থানিক বিগাহনেন
বাচঃ প্রিতিমুক্তির ভুলঃ প্রয়েজ। ৩০।
যাবছাজে শৈতিষ্ঠবপুনিভূভুবি স্থেপুনিতে
বাবচাজী কল্মতি ক্লোভুগ্য ভ্যানং ক্রিবনী
ভাবভাসাং চ্যান্ড স্বী তত্ত্বাসাকীরি,॥ ৩৪।

নিশিক্তবেনকুলভূপতি নৌক্তিকানা
মগ্রন্থিনপক্ষাক্তবে দিঃ।
একা কবেঃ গদ দাব্য থি বিচাক্তক
বৃদ্ধেকনাপতি ধ্বস্য কৃতিঃ প্রশাস্তঃ॥ ৩৫।
ধ্র্যোপনপুর মনদাসনপুর
বৃহস্পতেঃ সূক্রিমাণ প্রশাস্তি।
চথান বাবেক্তকশিলিগোষ্ঠাচ্ডামণীরাণক শ্রাপাণিঃ॥ ৩৬।

উপনোক্ত শ্লোকগুলি ১৮৬৫ খ্রীষ্টাব্দের ''জব্নেল অব্দি এসিয়াটিক্ সোসা-ইটী অব বেস্কল,'' প্রথম অংশ ১৪১ পৃষ্ঠা হইতে গৃহীত হইল।

অনুবাদ।

শিবকে নমস্বাৰ ৰবি, ৰক্ষেৰ আৰবণ হবণ ভবে নথীত মস্তকেৰ মালা-শামৰ জ্যোভিতে কেলিগৃহেৰ দীশাভাবিনন্ত হওবাতে, শিব শিবস্থিত চক্ৰা লোকে দেবীর (পার্বতীর) লজ্জামুক্লিত মুখমগুল নিরীক্ষণকারী মহাদেবের সহাস্যবদন জয়যুক্ত হউক। ১।

লক্ষীবল্লভ (বিষ্ণু) এবং পার্বেতীনাথ (হরের) সদ্বিতীয় লীলাগৃহরূপ প্রছামেশ্বর নামে (হরিহর) মূর্ত্তিকে নমস্বার করি। যে মূর্তিতে (লক্ষী এবং গৌরী) স্বামীর প্রণয়িনী হইয়াও পাছে নিজ নিজ স্বামীর আলিঙ্গন হইতে বঞ্চিত হইতে হয়, এই ভয়ে অতি কস্তে তাহাদিগের স্বামীদ্বয়ের অভিনতমু হওয়ার শিল্পবারা বাধা জন্মাইয়াছিলেন। ২।

বাঁহার সিংহাসন মহাদেবের স্থবর্ণ সদৃশ জটাম ওল, (শিব শিরোপরি পতিত) গঙ্গার জলকণা দারা বাঁহার চামর কার্য্য সম্পাদিত হয়, শিব শিরালন্ধার রূপ সংপরি ফণা বাঁহার খেতচ্ছত্র, সেই ভাগাগায় মহারাজ চক্রের জয় হউক। ৩।

অমরস্ত্রীগণ কর্তৃক সুসম্পাদিত লীলাধলির সাক্ষী স্বরূপ সেই চক্রবংশে, দাক্ষিণাত্যাধিপতি কীর্ন্তিশালী মহারাজ বীরসেন প্রভৃতি আবিভূতি হইয়া-ছিলেন যাহাঁদিগের স্থন্দর উক্তি-পূর্ণ মধুশাবী চরিত্রযুক্ত ইতিহাস জগজ্জনের প্রবণ রঞ্জণার্থে প্রাশ্র পূজ ব্যাস প্রণয়ন করিয়াছিলেন। ৪।

সেনবংশে, বিপক্ষপক্ষীয় শত শত বীর নিহস্তা এবং ব্রহ্মপরায়ণ সামস্তব্যন (নামে নূপতি) জন্মগ্রহণ করিয়াছিলেন। তিনি ব্রহ্মতেজ ও ক্ষত্রিয় বীর্ষ্য সম্পন্ন (ভূপাল) দিগের কুলের শিরোভূষণ ছিলেন *।

অপ্সরাগণ সলিলোচ্ছাস স্নিগ্ন সমুদ্রের সেতু বন্ধনের পার্শ্বে (উপবিষ্ট হইরা) তাঁহার যুদ্ধ গাথা দশরথ পুত্র রামচন্দ্রের প্রতি স্পদ্ধা প্রদর্শন করিয়া উচ্চস্বরে গান করিত। ৫।

তিনি সমর ক্ষেত্রে, বাহুদারা কাল ভুজঙ্গ-সদৃশ থড়া রণক্ষেত্রে অনায়ামে চালনা করিতেন। তুরীর গন্তীর নিনাদে আহুত বিপক্ষদিগের মধ্যে ভদীয় ক্ষণাণ শত্রুদিগের যে সকল হস্তিবল থণ্ডিত করিরাছিল, ঐ সকল হস্তিদিগের কুন্ত হইতে নিপতিত মুক্তাজাল আদ্য পর্যান্ত বৃহ্ণ বরাটিকাকারে † পরিণত রহিয়াছে।৬।

^{*} রাজেন্দ্রবাব্ দ্বিতীয় চরণের স্বতন্ত্র প্রকার অর্থ করিয়াছেন, তাহার মতে ইহার অর্থ এই-A garland fowthe noblest race of the Khetriya kings. "

[🕇] नज़ांकिक।--कि 🖟

ভাঁহার বশ ভদীয় শক্ররমণীদিগের পৃষ্টে আবোহণ পূর্বক, গৃহ হইছে গৃহান্তরে, নগরে নগরে, বনে বনে, পর্বতে পর্বতে, এবং সমুদ্রে সমুদ্রে ভ্রমণ করিয়াছিল। ৭।

এই এক মাত্র বীর সামন্তবেন, অরিকুল কর্তৃক আক্রান্ত কর্ণাট-জ্রী লুপ্ঠন-কারী ছর্তিদিগকে দমন করিয়াছিলেন। তজ্জনা মৃতজীবের মাংস, মেদ, এবং বসা, প্রচ্র পরিমাণে প্রাপ্ত হইয়া হর্যযুক্ত পরিবারবর্গের সহিত প্রতিপ্রতি বম অদ্য পর্যান্ত দক্ষিণ দিক্ পরিত্যাগ করেন নাই।৮।

গন্ধার পূলিনস্থ যে পবিত্র আশ্রম হইতে দগ্ধ-হবির ধূম উদ্ধাত হইত, মৃগশাবকগণ কর্ত্বক পীত অক্রমিডি মুনিপত্রিদিগের স্তন্য ত্র্য় পতিত হইত,
শুকপক্ষীগণ বেদ-পাঠ শিক্ষা করিয়া অক্সপরায়ণ হইয়াছিল, এবং বে আশ্রমে
যোগীগণ মৃত্যুর পুর্বের বাস করিতেন, তিনি বৃদ্ধ বিয়সে গন্ধার পূলিনে পূত উৎসন্ধ প্রদেশস্থ সেই অরণাশ্রমে বাস করিয়াছিলেন। ১।

পরনেধর চিন্তার নিয়োজিত হওয়ার পূর্বো এই নৃপতির ধোরন সময়ে হেমস্তুসেন নামে এক তনয় জন্ম গ্রহণ করিয়াছিলেন। তিনি, আয়ৢয়ৢর্জ-গর্বিত শত্রুদিগকে বিনাশ করিয়াছিলেন, এবং জন্ম হইতেই তদীয় পূর্বি-পুরুষদিগের সমগ্র গুণ ও মহিনা প্রাপ্ত হইয়াছিলেন। ১০।

তিনি চক্রচূড় মহাদেবের চরণরজঃ মস্তকে ধারণ করিতেন, তিনি কঠে সত্যবাক্য এবং কর্ণে শাস্ত্র ধারণ করিতেন, (অর্থাং তিনি স্ত্যবাদী ছিলেন এবং শাস্ত্রালাপ শ্রবণ করিতেন)।

তাঁহার পদদম অরিদিণের কেশে বিদ্যমান থাকিত, (অর্থাৎ অরিগণ তাঁহার পদানত ছিল), তাঁহার হতদম ধুরাজ্যানিত কঠিন বেথাযুক্ত ছিল। তিনি সতত এই সকল অলক্ষার ধারণ করিতেন। রক্ত্র, পুষ্পের মালা, কর্ণা-ভরণ, নুপুর, এবং স্কুর্ণ বলর প্রভৃতি তাহার নর্ভ্কী দিগের আভরণ ছিল। ১১।

তদীয় হস্তলারা পরিচালিত শ্ল্যাঘাতে বিদারিত বক্ষ বিপক্ষ বীরগণ সন্মুপ ফুদ্দে জীবন ত্যাগ করিয়া রণক্ষেত্ররপতীর্থের ফল দীব্যদেহ প্রাপ্ত হইত *; কিন্তু বীরগণ স্বর্গত হইলে, সগন্ধচূর্ণদারা লেপিত বক্ষ সমরন্ত্রী-

^{*} শাপ্রানুসারে সমুগরুদ্ধে দেহ পতন হইলে তৎক্ষণাৎ দেবশনীর প্রাপ্ত হয়।

দিগের জালিকন হেতু, পুনরায় তাহাদিগের বক্ষত্তল কারক্তবর্ণ হওয়াতে বিদ্ধি মিথুন তাহাদিগতে রণে ভল্লবিদ্ধান্তমে সভয়ে নিরীক্ষণ করিত। ১২

ঠাহার হস্ত এবং থড়া ছই প্রকার ভাব ধারণ করিত, এক দারা দান কার্যা এবং অপর দারা শক্রনশে কার্যা অতি কৌশলে সম্পাদিত হইত। এক শক্রদিগকে অবসাদিত, অপর বন্ধ্নিগকে প্রসাদিত করিত। এক বন্ধ্ বর্গকে মালা, দানে বিভূষিত করিত, অপর শক্রদিগকে প্রভার দারা অহিত করিত।১৩

